THE

# BOHOODURSON,

OR

**Various Spectacles,**

BEING

*A choice collection of Proverbs and Morals in the English, Latin, Bengalee, Sanscrit, Persian and Arabic languages.*

COMPILED BY

NEELRUTNA HALDAR.



"A PROVERB IS THE CHILD OF EXPERIENCE."



# বহুদর্শন

অর্থাৎ

ইংগ্লণ্ডীয় ও লাটিনজাতীয় ও গৌড়ীয় ও সংস্কৃত ও পারস্য ও আরবীয় ভাষায় বহুবিধ দৃষ্টান্ত ও নীতিশিক্ষা।

শ্রীনীলরত্ন হালদারকর্তৃক সংগৃহীত।

SERAMPORE.

1826.

# PREFACE.

Relying on the goodness of the public I venture to send the accompanying little volume into circulation. I have long been engaged in collecting together the proverbs of different nations, under the idea that their publication, would be of service in the intercourse of social life. In this work I have attempted to compare the proverbs and moral precepts contained in other languages with those which belong to our original Sungskrit. I have in the first instance quoted many English and Latin proverbs, and after explaining their signification in Bengalee, have added corresponding proverbs from the Sungskrit. 2dly. I have selected from various Persian authors a series of such prose and poetical pieces as most frequently occur in conversation, and have added corresponding proverbs from the English and the Sungskrit, together with a Bengalee translation. 3dly. I have selected various proverbs from the Arabic, and accommodated them with corresponding sentences from the Persian, English, and Sungskrit, subjoining a Bengalee version of them. My object in this compilation is to furnish in one work, those useful ornaments to conversation, which are not in general acquired without much labor and research. Those who are engaged in the cares of business, having little time to search through many books in various languages for these

ornamental proverbs, are obliged to confine themselves to a dry and uninteresting style of conversation; and even the rich though enjoying much leisure may want courage to dive into the ocean of knowledge, and dip up those gems which serve so much to adorn social intercourse. Both these classes of individuals, will, I trust, be enabled by means of this compilation to supply every deficiency with little labor. To avoid the charge of appearing tedious, I have in some cases omitted the context of the Sungskrit Stanzas, and contented myself with extracting that which appeared sufficient for the comprehension of the proverb. I venture to entertain a hope that, in the event of any proverb being required in any language to adorn conversation it may be found in this stock which I have thus collected from the English, the Latin, the Persian, the Arabic, and the Sungskrit, and beg permission of a generous public to allow this work to pass into libraries under the title of *Bohoodorsun*, or the Variegated Spectacle; and to overlook all the errors and imperfections which may have crept into it, as the English proverb says, that "Every man hath his own failings;" the Latin, that "Nemo sine crimine vivit; Dii non omnia unidedere."—The Persian that که هیچ نفس بشر خالی از خطا نبود and the Arabic والانسان مرکب مع الخطا و النسیان while the Sungskrit stanza mentions that মুনিনাঞ্চ মতিভ্রমঃ. Therefore I venture to launch forth this bark, and may an auspicious gale from the public, conduct it to its destination.

نه نگرد دیگر بسرو اندر چمن
هر که دید آن سرو سیم اندام را

## গ্রন্থারম্ভে অনুষ্ঠান পত্র।

আদৌ আদ্যন্তরহিত স্বতঃ প্রতীত সগুণ নির্গুণ উভয়োপাসক স্বীকৃত অদ্বৈত পরাৎপর বিঘ্নহরণ স্মরণপুরঃসর গুণিগণ পরগুণ কৃতাদরভর মহাশয়েরদিগের মহাশয়তার মহাশয়ে মহাশয়যুক্ত হইয়া নিবেদন বহুকালাবধি বহুভাষার বহুবিধ দৃষ্টান্ত সংগ্রহ করণে বহুতর যত্ন ছিল যেহেতুক এক গ্রন্থে দৃষ্টিক্ষেপ করিলে বহুদর্শী হওনের সম্ভাবনা হয় অতএব এই সংগ্রহ ভিন্নজাতীয় প্রসিদ্ধ বাক্য এবং শাস্ত্রোক্তির তাৎপর্য্য স্বজাতীয় শাস্ত্রোক্তি ও চলিতোক্তির সহিত ঐক্যবাক্যতা ও সমন্যায় করিয়া অর্থাৎ প্রথমতো ইংরাজী ও লাটীন ভাষার বিবিধ পুস্তকান্তর্গত চলিত দৃষ্টান্ত ও নীতিশিক্ষাবিষয়ক গদ্যপদ্য তদীয় বাক্যার্থ ভাবার্থ সাধুভাষায় প্রকাশপূর্ব্বক তত্তদুক্তির তাৎপর্য্য সংস্কৃত মূলের সহিত তুল্যমূল্য করিয়া এবং দ্বিতীয়তো পারস্য ভাষার বহুগ্রন্থোদ্ধৃত অথচ সমাজব্যবহৃত অশেষ বিশেষ গদ্যপদ্য ইংরাজী ও সংস্কৃত প্রমাণের সহিত সমতাপূর্ব্বক তাহার প্রত্যেকের যথার্থ অর্থ সাধুভাষায় প্রকাশ করিয়া এবং তৃতীয়তঃ আরবীয় ভাষোক্ত বিবিধ দৃষ্টান্ত ও নীতিশিক্ষা পারস্য ও ইংরাজী ও সংস্কৃতের সহিত একতাৎপর্য্যক্রমে তত্তদুক্তির স্বস্বভাষার্থ পৃথকং বর্ণন করিয়া কিঞ্চিৎ সংগ্রহ করিলাম।

এরূপ সংগ্রহ করণের প্রধান কারণ অবধারণ হইবেক আদৌ এই যে অনেক কাল অনেক যত্নে অনেক ভাষাভ্যাস করিয়া যে বক্তৃতা জন্মে অর্থাৎ সভামধ্যে প্রস্তাব ও প্রসঙ্গ উপস্থিত হইলে যে প্রকার নানাজাতীয় প্রমাণের দ্বারা সপ্রমাণ করণে সাধ্য হয় তাহা এই স্বল্পগ্রন্থ স্বল্পকাল পাঠ করিলে সহজেই সাধ্য হইবেক। দ্বিতীয়তো যে সকল ব্যক্তি বিষয়িরূপে খ্যাত এবং যাঁহারদিগের

সময় বিষয়ানুষ্ঠানে ভুক্ত হওনে এ সকল বহুভাষার সারোদ্ধার করণে অনবকাশ ও তন্নিমিত্তে প্রস্তাব্য বক্তব্য সভ্য শোভ্য ভব্য করণে আয়াস বোধে হতাশ কিম্বা যে সকল ভাগ্যবান সন্তান সর্ব্বদা সুখানুরক্তপ্রযুক্ত পরিশ্রমের শঙ্কাতঙ্কায় শাস্ত্ররূপ সমুদ্রে মগ্ন হওনে ভগ্নোদ্যম হইয়াছেন তাহারদিগের অনায়াসে অবলীলাক্রমে এক স্থানে সর্ব্বজাতীয় প্রচলিত প্রস্তাব্য গদ্য পদ্য প্রাপ্ত হওনে সুলভে দুর্লভ লব্ধ হইতে পারিবেক এবং বিষয়ী স্বস্ব বিষয়ানুশীলন করত অথচ সুখী সুখোদ্যমে অবিরত বিরত নাহইয়া সময়তো দৃষ্টিক্ষেপ করিলে সে আক্ষেপ নিক্ষেপ হইবেক। অতএব বিশেষতঃ তাঁহারদিগের আয়াসের স্বল্পতার নিমিত্তে সংস্কৃত সম্পূর্ণ শ্লোক সর্ব্বত্র লিখিত না হইয়া সারোদ্ধারমতে পদ্যৈকদেশ সংগ্রহে সংগৃহীত হইল। সাহস যে সাধু সমাজে প্রস্তাব উপস্থিত হইলে ইংরাজী বা লাটীন বা পারস্য বা আরবীয় কিম্বা সংস্কৃত ইত্যাদি এক না এক ভাষার দৃষ্টান্তে অবশ্যই দার্ষ্টান্ত হইবেক। এতৎসমূহ প্রয়াসে বহু আয়াসে সংগ্রহ করিয়া তৎসাকল্যপ্রযুক্ত প্রার্থনা যদি গুণগ্রাহক অনুগ্রাহকের অনুযোগ্য না হইয়া অনুগ্রহের যোগ্য হই তবে এ গ্রন্থের নাম বহুদর্শন রাখিয়া অনুগৃহীত করেন। অপর দোষোদ্ধারবিষয়ে দ্বিতীয় প্রার্থনার কর্ত্তব্যতা সর্ব্বজাতীয় দৃষ্টান্তে দৃষ্ট হইয়াছে যেহেতুক শাস্ত্রে উক্ত আছে মুনীনাঞ্চমতিভ্রমঃ এবং ইংরাজীতে কহে "Every man hath his own failings;" এবং লাটিন ভাষায় বর্ণিত হইয়াছে "Nemo sine crimine vivit; Dii non omnia unidedere;" এবং

পারস্য ভাষায় প্রকাশ আছে که هیچ نفس بشر خالی از خطا نبو و

আরবীয় ভাষায় কহে الانسان مرکب مع الخطا و النسیان

তজ্জন্য তদ্দোষ মার্জনায় মহতের মহত্ত্ব প্রকাশ অবশ্যই হইতে পারে অতএব গুণাশ্রয়কে সমাশ্রয় করিয়া প্রশ্রয়পূর্ব্বক এই স্বল্প সংগ্রহ প্রকাশ করিলাম ইতি।

শ্রীশ্রীঈশ্বরো জয়তি।

গ্রন্থারম্ভে অনুষ্ঠান পত্র।

আদৌ আদ্যন্ত রহিত স্বতঃ প্রতীত সগুণ নির্গুণ উভয়োপাসক স্বীকৃত অদ্বৈত পরাৎপর বিঘ্ন হরণ স্মরণ পুরঃসর গুণিগণ পরগুণ কৃতাদরভর মহাশয়েরদিগের মহাশয়তার মহাশয়ে মহাশয়যুক্ত হইয়া নিবেদন বহুকালাবধি বহুভাষার বহুবিধ দৃষ্টান্ত সংগ্রহ করণে বহুতর যত্ন ছিল যেহেতুক এক গ্রন্থে দৃষ্টিপাত করিলে বহুদর্শী হওনের সম্ভাবনা হয় অতএব এই সংগ্রহে ভিন্নজাতীয় প্রসিদ্ধ বাক্য এবং শাস্ত্রোক্তির তাৎপর্য্য স্বজাতীয় শাস্ত্রোক্তি ও চলিতোক্তির সহিত একবাক্যতা ও সমন্যায় করিয়া অর্থাৎ প্রথমত ইংরাজী ও লাটিন ভাষার বিবিধ পুস্তকান্তর্গত চলিত দৃষ্টান্ত ও নীতিশিক্ষাবিষয়ক গদ্য পদ্য তদীয় বাক্যার্থ ভাবার্থ সাধু ভাষায় প্রকাশপূর্ব্বক তত্তৎ উক্তির তাৎপর্য্য সংস্কৃত মূলের সহিত তুল্য মূল্য করিয়া এবং দ্বিতীয়তঃ পারস্ব ও আরবীয় ভাষার বহুগ্রন্থোদ্ধৃত অথচ সমাজ ব্যবহৃত অশেষ বিশেষ গদ্য পদ্য সাধু ভাষায় অর্থ ও তাৎপর্য্য বর্ণনপূর্ব্বক সংস্কৃত প্রমাণের সহিত সমতা করিয়া এবং তৃতীয়তঃ স্বজাতীয় অর্থাৎ সংস্কৃত ধর্ম্মশাস্ত্র ও নীতিশাস্ত্র ও কাব্যপ্রভৃতি নানা শাস্ত্রোদ্ধৃত অথচ প্রাচীন ও নবীন প্রসিদ্ধ প্রচলিত পদ্য পদ্যার্দ্ধ ক্রমানুরূপ নিয়মানুসারে অর্থাৎ ধর্ম্মবিষয় ও বিদ্যাবিষয় ও ধনবিষয় ইত্যাদি বহুবিষয়োপযোগি সংস্কৃত দৃষ্টান্ত পৃথকং পরিচ্ছেদপূর্ব্বক সাধু ভাষায় তদীয়ার্থ সঙ্কলন করিয়া কিঞ্চিৎ সংগ্রহ করিলাম। এরূপ সংগ্রহ করণের প্রধান কারণ অবধারণ হইবেক আদৌ এই যে অনেক কাল অনেক যত্নে অনেক ভাষাভ্যাস করিয়া যে বক্তৃতা জন্মে

অর্থাৎ সভামধ্যে প্রস্তাব ও প্রসঙ্গ উপস্থিত হইলে যে প্রকার নানা জাতীয় প্রমাণের দ্বারা সপ্রমাণ করণে সাধ্য হয় তাহা এই স্বল্প গ্রন্থ স্বল্পকাল পাঠ করিলে সহজেই সাধ্য হইবেক। দ্বিতীয়তো যে সকল ব্যক্তি বিষয়িরূপে খ্যাত এবং যাঁহারদিগের সময় বিষয়ানুষ্ঠানে ভুক্ত হওনে এ সকল বহুভাষার সারোদ্ধার করণে অনবকাশ ও তন্নিমিত্তে প্রস্তাব্য বক্তব্য সভ্য শৌভ্য ভব্য করণে আয়াস বোধে হতাশ কিম্বা যে সকল ভাগ্যবান লোকের সন্তান সর্ব্বদা সুখানুরক্তপ্রযুক্ত পরিশ্রমের শঙ্কা তঙ্কায় শাস্ত্ররূপ সমুদ্রে মগ্ন হওনে ভগ্নোদ্যম তাহাঁরদিগের অনায়াসে অবলীলাক্রমে এক স্থানে সর্ব্বজাতীয় প্রচলিত প্রস্তাব্য গদ্য পদ্য প্রাপ্ত হওনে সুলভে দুর্লভ লব্ধ হইবেক এবং বিষয়ী স্বস্ববিষয়ানুশীলন করত অথচ সুখী সুখোদ্যমে অবিরত বিরত না হইয়া সময়েতে দৃষ্টিক্ষেপ করিলে সে আক্ষেপ নিক্ষেপ হইবেক অতএব বিশেষতঃ তাহাঁরদিগের আয়াসের স্বল্পতার নিমিত্তে সংস্কৃত সম্পূর্ণ শ্লোক সর্ব্বত্র লিখিত না হইয়া সারোদ্ধার মতে পদ্যৈকদেশ সংগ্রহে সংগৃহীত হইল। সাহস যে সাধু সমাজে প্রস্তাব উপস্থিত হইলে ইংগ্লণ্ডীয় কিম্বা পারস্য কিম্বা স্বজাতীয় সংস্কৃত ইত্যাদি একনাএক ভাষার দৃষ্টান্তে অবশ্যই দার্ষ্টান্ত হইবেক। এতৎ সমূহ আশ্বাসে বহু আয়াসে সংগ্রহ করিয়া তৎসাফল্য প্রযুক্ত প্রার্থনা যদি গুণগ্রাহক অনুগ্রাহকের অনুযোগ্য না হইয়া অনুগ্রহযোগ্য হই তবে এ গ্রন্থের নাম বহুদর্শন রাখিয়া অনুগৃহীত করেন। অপর দোষোদ্ধারবিষয়ে দ্বিতীয় প্রার্থনার কর্ত্তব্যতা সর্ব্ব জাতীয় দৃষ্টান্তে দৃষ্ট হইয়াছে যেহেতুক শাস্ত্রে উক্ত আছে মুনীনাঞ্চ মতিভ্রমঃ। এবং ইংরাজীতে কহে Every man hath his own failings; এবং লাটিন ভাষায় কথিত আছে Nemo sine crimine vivit. Dii non omnia unidedere. এবং পারস্য ভাষায় প্রকাশ আছে که هیچ نفس بشر خالی از خطا نبود এবং আরবীয ভ.ষায় কহে الانسان مرکب مع الخطا والنسیان তজ্জন্য তদ্দোষ মার্জনায় মহতের মহত্ত্ব প্রকাশ অবশ্যই হইতে পারে অতএব গুণাশ্রয়কে সমাশ্রয় করিয়া প্রশ্রয়পূর্ব্বক এই স্বল্প সংগ্রহ প্রকাশ করিলাম ইতি।

# বঙ্গদর্শন

## PROVERBS AND MORALS IN ENGLISH

ইংরাজী ভাষার চলিত দৃষ্টান্ত এবং নীতিশিক্ষা।

In every work begin and end with God.

তাবৎ কর্ম্ম ঈশ্বর স্মরণপূর্ব্বক আরম্ভ ও সমাপন করহ।
যথা সংস্কৃতঃ॥ আদাবন্তে চ মধ্যে চ হরিঃ সর্ব্বত্র গীয়তে।

A friend in need, is a friend indeed.

দুঃখেতে যে বন্ধু থাকে। সত্য বন্ধু বলি তাকে।
যথা সংস্কৃতঃ॥ স বন্ধুর্যো বিপন্নানামাপদুদ্ধারণক্ষমঃ।

Prosperity gains friends, and adversity tries them.

সৌভাগ্যকালীন অনেক বন্ধু মিলে কিন্তু দুঃখের সময় বন্ধুর পরীক্ষা হয়।

যথা সংস্কৃতঃ॥ যেচান্যে সুহৃদঃ সমৃদ্ধিসময়ে দ্রব্যাভিলাষাকলাস্তে সর্ব্বত্র মিলন্তি তত্র নিকষ গ্রাবাত তেষাং বিপৎ।

Necessity has no law.

দায়গুস্তের নিয়ম নাই।

যথা সংস্কৃতঃ॥ আতুরে নিয়মো নাস্তি

---

Grasp all, lose all.

অতিশয় সঞ্চয় করিতে গেলে সকলি নষ্ট হয়।

যথা সংস্কৃতঃ॥ কর্ত্তব্যঃ সঞ্চয়ো নিত্যং কর্ত্তব্যো নাতিসঞ্চয়ঃ। অতিসঞ্চয় দোষেণ ধনুষা জম্বুকো হতঃ।

---

Policy goes beyond strength.

বলহইতে উপায় অতিরিক্ত হয়।

যথা সংস্কৃতঃ॥ উপায়ে নহি যচ্ছক্যং ন তচ্ছক্যং পরাক্রমৈঃ।

---

Great boast, small roast.

বহুগর্ব্ব অল্প দ্রব্য।

যথা সংস্কৃতঃ॥ বহ্বারম্ভে লঘুক্রিয়া

---

No joy, without annoy.

নাই সুখ বিনাদঃখ।

যথা সংস্কৃতঃ॥ নহি সুখং দুঃখৈর্ব্বিনা লভ্যতে।

---

Little wealth, little sorrow.

অল্পধন যার অল্প ভাবনা তার।

যথা সংস্কৃতঃ॥ বহ্বর্থোপার্জ্জনে ক্লেশো রক্ষণে চ ততোধিকঃ। নাশে দঃখতরং রাজন্ তস্মাদল্পধনঃ সুখী।

Out of debt, out of deadly sin.

ঋণে উদ্ধার সাংঘাতিক পাপহইতে উদ্ধারের সমান।

যথা সংস্কৃতঃ॥ ঋণপাপসমুদ্ধারাদৃণোদ্ধারো বরঃ স্মৃতঃ। পর লোকে দহেৎ পাপমৃণাগ্নিরিহ তত্র বৈ।

---

Silence gives consent.

মৌনেতে সম্মতি হয়।

যথা সংস্কৃতঃ॥ মৌনং সম্মতিলক্ষণং।

---

A good name is better than riches.

ধন অপেক্ষা যশঃ ভাল।

যথা সংস্কৃতঃ॥ ধনসঞ্চয়নাদ্রাজন্ যশঃসঞ্চয়নংবরং। ধনানি হ্যাশু নশ্যন্তি কীর্ত্তিস্তিষ্ঠতি শাশ্বতী।

---

Quick at work, quick at meat.

কর্ম্মেতে তৎপর। অন্নপায় সত্বর।

যথা সংস্কৃতঃ॥ উৎসাহসম্পন্নমদীর্ঘসূত্রং ক্রিয়াবিধিজ্ঞং ব্যসনেষ্বশক্তং। শূরং কৃতজ্ঞং দৃঢ়সৌহৃদঞ্চ লক্ষ্মী স্বয়ং যাতি বিলাসহেতোঃ।

---

Afflictions are sent us from God for our good.

ঈশ্বর বিপদকে প্রেরণ করেন আমারদিগের হিতের নিমিত্তে।

যথা সংস্কৃতঃ॥ কুন্তীর প্রার্থনা বিপদঃ সন্তুতাঃ শাশ্বৎ তত্র তত্র জগদ্গুরো। ভবতো দর্শনং যৎ স্যাদপুনর্ভবদর্শনং।

He is a rich man who hath God for his friend.

সেই ব্যক্তি পরমধনী যে ঈশ্বর সহায়ী।

যথা সংস্কৃতঃ॥ কেচিদ্বদন্তি ধনহীনজনো জঘন্যঃ কেচিদ্বদন্তি গুণহীনজনো জঘন্যঃ। ধোয়ী বদত্যখিলশাস্ত্রবিশেষদর্শী নারায়ণস্মরণহীন জনো জঘন্যঃ।

---

New kings, new laws.

নূতন রাজার নূতন বিচার।

যথা সংস্কৃতঃ॥ যদা ভবতি যো ভূপো নীতিস্তস্য সুনূতনা। বাসরং বর্দ্ধয়েদ্গ্রীষ্মো হিমোঽহ্নঃ ক্ষীণতাং নয়েৎ।

---

Nothing venture, nothing have.

বিনা সাহসে কিছুই লভ্য হয় না।

যথা সংস্কৃতঃ॥ বিস্ময়ঃ সর্ব্বদা হেয়ঃ প্রত্যূহঃ সর্ব্বকর্ম্মণাং। তস্মাদ্বিস্ময়মুৎসৃজ্য সাধ্যে সিদ্ধির্বিধীয়তাং।

---

All venture, all lose.

অতি সাহসে সকলি নষ্ট হয়।

যথা সংস্কৃতঃ॥ কর্ত্তব্যঃ সাহসো নিত্যং উৎকটো হি বিগর্হিতঃ। অতিসাহসদোষেণ ভীমঃ সর্পবশং গতঃ।

---

Too much of one thing is good for nothing.

অতিশয় ভাল নয়।

যথা সংস্কৃতঃ॥ সর্ব্বমত্যন্ত গর্হিতং

It is not for asses to like honey.

গর্দ্দভের কর্ম্ম নয় মধুর মর্ম্ম জানা।

যথা সংস্কৃতঃ ॥ দূর্ব্বাচর্ব্বণপটবো গাবো ন জানন্তীক্ষুরসমধুরং।

---

He that waits upon fortune is never sure of a dinner.

যে ব্যক্তি অদৃষ্টের উপর নির্ভর করে সে এক সন্ধ্যা আহারের নিমিত্তেও নিশ্চিন্ত নহে। অর্থাৎ মনষ্যকে দৈবপর হওয়া কর্ত্তব্য নহে।

যথা সংস্কৃতঃ ॥ উদ্যোগিনং পুরুষসিংহমুপৈতি লক্ষ্মী র্দৈবেন দেয়মিতি কাপুরুষা বদন্তি। দৈবং নিহত্য কুরু পৌরুষমাত্মশক্ত্যা যত্নে কৃতে যদি ন সিধ্যতি কোহত্র দোষঃ।

---

Service is no inheritance.

চাকরী কাহারো পৈতৃক নহে।

যথা সংস্কৃতঃ ॥ কর্ম্মণা স্বগুণেনৈব বশ্যো ভবতি ভূমিপঃ। নতু স্বপৈতৃকেণাপি গুণেন পৃথিবীপতেঃ।

---

Keep honest company, and honest thou shalt be.

সাধসঙ্গ করহ যে সাধুত্ব পাইবা।

যথা সংস্কৃতঃ ॥ কাচঃ কাঞ্চনসংসর্গাদ্ধত্তে মারকতীং দ্যুতিং।

---

Covetousness is the root of all evil.

লোভ হইয়াছেন সর্ব্ব দোষের মূল।

যথা সংস্কৃতঃ ॥ লোভাৎ ক্রোধঃ প্রভবতি লোভাৎ কামশ্চ জায়তে। লোভান্মোহশ্চ নাশশ্চ লোভঃ পাপস্য কারণং।

Evil be to him that evil thinks.

যে ব্যক্তি মন্দ চিন্তা করে তাহাকেই মন্দ ঘটে ।

যথা সংস্কৃতঃ॥ পাপঞ্চিন্তয়তে যস্তু ব্রবীতি চ করোতি চ। পাপ কর্ম্মরতো নিত্যং পাপযোনিষু জায়তে।

কিম্বা॥ কোনামান্তঃ প্রকৃতি কুটিলো দুর্গতিং ন প্রয়াতি।

---

Out of sight, out of mind.

চক্ষুর দূর মনের দূর। এ কথা বিচ্ছেদেতে বন্ধুর বিস্মরণে কহা যায়।

যথা সংস্কৃতঃ॥ অক্ষ্নোরন্তর এব ভবতশ্চিত্তে হপি নাহংস্থিতা।

---

Long absent, soon forgotten.

বহুকাল অদর্শন অল্প কালে বিস্মরণ হয় অর্থাৎ বন্ধুর সহিত মিলন হইলে বিচ্ছেদ বেদনা মনে থাকে না।

যথা সংস্কৃতঃ॥ কামিনী প্রিয়বিয়োগ তাপিনী রোষিণী প্রিয়কৃতানুভাবিনী। স্বল্পকাল প্রিয়মূর্ত্তিদর্শনাদ্বিস্মৃতা বিরহ বেদনা তয়া।

---

No price is great enough for good counsel.

সদুপদেশের উপযুক্ত মূল্য কিছুই নাই।

যথা সংস্কৃতঃ॥ এক মপ্যক্ষরং যস্তু গুরুঃ শিষ্যে নিবেদয়েৎ পৃথিব্যাং নাস্তি তদ্দ্রব্যং যদ্দত্ত্বাত্বনৃণী ভবেৎ।

---

Discontentment is a man's worst evil.

অসন্তোষে হয় মহদ্দোষ।

যথা সংস্কৃতঃ॥ অসন্তুষ্টা দ্বিজা নষ্টাঃ।

Contentment alone is true happiness.

মনের সন্তোষই যথার্থ সুখ।

যথা সংস্কৃতঃ।। সন্তোষামৃততৃপ্তানাং যৎসুখং শান্তচেতসাং। কুতস্তদ্ধনলুব্ধানামিতশ্চেতশ্চ ধাবতাং।

---

Fine dressing is a foul house swept before the door.

মূর্খ বেশে ভূষিত যেমন মলিন গৃহ বহির্দ্বার পরিষ্কৃত।

যথা সংস্কৃতঃ।। দূরতঃ শোভতে মূর্খো লম্বসাটপটাবৃতঃ। তাবচ্চ শোভতে মূর্খো যাবৎ কিঞ্চিন্ন ভাষতে।

---

In the husband wisdom, in the wife gentleness.

পুরুষের শোভা বিদ্যা স্ত্রীলোকের সুশীলতা।

যথা সংস্কৃতঃ।। সতীত্বং ভূষণং স্ত্রীণাং ক্ষমাণাং ভূষণং ফলং। বিদ্যৈব ভূষণং পুংসাং যতীনাং ভূষণং ক্রিয়া।

---

Beauty is a fair but fading flower.

রূপলাবণ্য দেখিতে সুদৃশ্য বটে কিন্তু পতনশীল পুষ্পের সমান অর্থাৎ অতিশীঘ্র ম্লান হইয়া যায়।

যথা সংস্কৃতঃ।। অনিত্যং যৌবনং রূপ জীবনং দ্রব্যসঞ্চয়ঃ। ঐশ্বর্য্যং প্রিয়সম্ভাষা মুহ্যেত্তত্র ন পণ্ডিতঃ।

---

Delays often ruin the best designs.

শৈথিল্যদ্বারা সর্ব্বদা সদনুষ্ঠান নষ্ট হয়।।

যথা সংস্কৃতঃ।। হেলা স্যাৎ কার্য্যনাশায় বুদ্ধিনাশায় নির্ধনং।

Fortune is a fair but fickle mistress.

লক্ষ্মী সুন্দরী বটেন কিন্তু চঞ্চলা।

যথা সংস্কৃতঃ॥ লক্ষ্মীঃ পুংযোগমাশংসুঃ কুলটেব কুতূহলাৎ। অন্তিকে২পি স্থিতা পত্যুশ্ছলেনান্যং নিরীক্ষতে।

---

Idleness is an inlet to every vice.

আলস্য সকল দোষের দ্বার।

যথা সংস্কৃতঃ॥ আলস্যং হরতি প্রজ্ঞাং ধনমায়ুর্যশোবলং। যস্মিন্নাস্তে তদালস্যং সর্ব্বদোষাকরস্তু সঃ।

---

Knowledge is a godlike attribute.

বিদ্যা সর্ব্বশ্রেষ্ঠপ্রশংসা।

যথা সংস্কৃতঃ॥ বিদ্যারত্নং মহাধনং।

---

Save a thief from the gallows, and he will cut your throat.

চোরকে ফাঁসীহইতে বাঁচাইলে আপনার গলায় ছুরি।

যথা সংস্কৃতঃ।. পয়ঃ পানং ভুজঙ্গানাং কেবলং বিষবর্দ্ধনং।

---

No pains, no profits.

না করিলে ক্লেশ লভ্য নাই শেষ।

যথা সংস্কৃতঃ॥ নহি সুখং দুঃখৈর্বিনা লভ্যতে।

Birds of a feather will flock together.

পক্ষবিশিষ্ট যে পক্ষী ইহারা স্বশ্রেণীব্যতিরেকে বসে না।

যথা সংস্কৃতঃ॥ পক্ষিণঃ পক্ষিসঙ্ঘেষু মনুষ্যা মানবেষু চ। তিষ্ঠন্তি রাক্ষসা বন্যে কথং যুয়ং বনেচরাঃ।

---

One bad sheep infects the whole flock.

শ্রেণীর মধ্যে একটা মেষ দুষ্ট হইলে শ্রেণীশুদ্ধা তদ্দোষাক্রান্ত করে।

যথা সংস্কৃতঃ॥ একেনাপি কুবৃক্ষেণ কোটরস্থেন বহ্নিনা। দহ্যতে তদ্বনং সর্ব্বং কুপুত্রেণ কুলং যথা।

---

No man's head aches while he comforts another.

যতক্ষণ কোন লোক পরের বিঘ্ন না করে ততক্ষণ তাহার মাথা ব্যথাও হয় না। অর্থাৎ পরের সহিত সৌজন্য যে করে তাহার পক্ষে পর কখনো মন্দ করে না।

যথা সংস্কৃতঃ॥ সৌজন্যং যদি কিং পরৈঃ।

---

Sorrow is good for nothing but for sin.

অনুতাপকরা কিছুতেই ভাল নহে কিন্তু পাপ করিয়া অনুতাপকরা ভাল।

যথা সংস্কৃতঃ॥ খ্যাপনেনানুতাপেন ধ্যানাভ্যাসবশেন চ। পাপকৃন্মুচ্যতে পাপাদ্দানেন তপসা তথা।

---

When sorrow is asleep, awake it not.

নিদ্রিত শোককে জাগৃত করিও না।

যথা সংস্কৃতং ॥ গতশোকং ন সেবেত সেবিতঞ্চাশু হন্তিতং। বায়ুনা দহ্যমানোহি কোটরাগ্নির্বনং যথা।

Riches are precarious blessings.

ধন অনিত্য বিষয়মাত্র।

যথা সংস্কৃতং ॥ কিঞ্চিৎ কালোপভোগ্যানি যৌবনানি ধনানি চ।

---

Knowledge procures general esteem.

বিদ্যাতে সর্ব্বত্র গৌরবপ্রাপ্ত করে।

যথা সংস্কৃতং ॥ স্বদেশে পূজ্যতে রাজা বিদ্বান্ সর্ব্বত্র পূজ্যতে।

---

Love hides a multitude of faults.

অনুকূলতায় সহস্র দোষাচ্ছাদন করে।

যথা সংস্কৃতং ॥ অনুকূলে পুনস্তস্মিন্ দোষোহপি চ গুণায়তে।

---

Modesty charms more than beauty.

স্ত্রীলোকের সুন্দরতা অপেক্ষা লজ্জাশীলতা অধিক মনোরমা হয়।

যথা সংস্কৃতং ॥ হ্রীরঙ্গনানাং মণ্ডনং।

---

Truth needs no disguise or ornament.

সত্য কথার বেশ ভূষার অপেক্ষা নাই ॥

যথা সংস্কৃতং ॥ সত্যং সদা পল্লবিতা বিশূন্যং বাক্যং সভা

য়া বিশোভতে চ। মিথ্যাহি বাণী বহুপল্লবা চ ন শোভতে ধর্ম্ম করী নরাণাং।

---

Wisdom is more valuable than riches.

ধন অপেক্ষা জ্ঞান শ্রেষ্ঠ।

যথা সংস্কৃতঃ॥ সদ্বিদ্যা যদি কিং ধনৈঃ।

---

Without a friend, the world is but a wilderness.

বন্ধু বিনা সংসার অরণ্যের সমান।

যথা সংস্কৃতঃ॥ দিক্ শূন্যশ্চেদবান্ধবঃ।

---

We are not made for ourselves only.

কেবল আপন স্বার্থের জন্য আমারদিগের জন্ম হয় নাই।

যথা সংস্কৃতঃ॥ পরোপকরণং কায়াদসারাৎ সারমুদ্ধরেৎ। কিম্বা আত্মার্থে কোন জীবতি।

---

A contented mind is an inestimable treasure.

সন্তোষযুক্ত মনঃ সেই অমূল্য ধন।

যথা সংস্কৃতঃ॥ সর্ব্বাঃ সম্পত্তয়স্তস্য সন্তুষ্টং যস্য মানসং।

---

Boast not of the favors you bestow.

যে কোন দান করহ তাহার শ্লাঘা করিও না।

যথা সংস্কৃতঃ॥ ইষ্টং দত্তমধীতম্বা বৃথা ন পরিবর্ণয়েৎ। শ্লাঘানুশোচনাভ্যাঞ্চ ভগ্নতেজা বিনশ্যতি।

---

Courage only is crowned with success.

সাহসেই জয়যুক্ত করে।

যথা সংস্কৃতঃ॥ সাহসে ভজতে লক্ষ্মীঃ।

---

Unequal fellowships are often dangerous.

অসমান লোকের পরস্পর বন্ধুতা ভয়ানক হয়।

যথা সংস্কৃতঃ॥ যোগ্যং যোগ্যেন যুজ্যতে। কিম্বা ঠক্কুরেণ সমং মৈত্রী ন শোভায় কদাচন। গতে চ গৌরবং নাস্তি আগতে চ ধনক্ষয়ঃ।

---

By others faults, wise men correct their own.

বুদ্ধিমান লোক অন্যের দোষ দেখিয়া আপনার শুধরায়।

যথা সংস্কৃতঃ॥ গৃহে পুত্যান্তরস্থে দুর্বিণকণমোষশ্রুতবতা স্ববেশ্মন্যারক্ষা ক্রিয়ত ইতি মার্গোঽয়মুচিতঃ।

---

A man should never repine at the want of things that are out of his power to obtain.

যে বিষয় মনুষ্যের সাধ্যাতীত তাহার অপ্রাপ্তিতে কখনো খেদ করা উচিত নহে।

যথা সংস্কৃতঃ॥ নাপ্রাপ্যঞ্চাপি বাঞ্ছন্তি নষ্টং নেচ্ছন্তি শোচিতুং।

After wit is seldom good.

পশ্চাৎ শোচনা প্রায় কর্ম্মে আইসে না।

যথা সংস্কৃতঃ॥ গতস্য শোচনা নাস্তি কিম্বা চৌরে গতে বা কিমু সাবধানং।

---

An over-greedy disposition often subjects us to lose what we already possess.

অধিক লাভিস্বভাবপ্রযুক্ত যাহা আমারদিগের পূর্ব্বে সঞ্চিত থাকে তাহাও নষ্ট হয়।

যথা সংস্কৃতঃ॥ উচ্চৈরেষ তরুঃ ফলঞ্চ বিপুলং দৃষ্ট্বৈব হৃষ্টঃ শুকঃ পক্বং শালিবনং বিহায় জড়ধীস্তন্নারিকেলং গতঃ। গত্বা তত্র বভুক্ষিতেন মনসা যত্নঃ কৃতো ভেদনে আশা তত্র ন কেবলং বিগলিতা চঞ্চুর্গতা চূর্ণতাং।

---

We are always ready to censure fortune for the ill effects of our own carelessness.

আপন অসাবধানতাপ্রযুক্ত যে মন্দ ঘটে তজ্জন্য আমরা সর্ব্বদা দৈবকে নিন্দা করিয়া থাকি অর্থাৎ আপন কর্ম্ম দোষকে জানিয়াও জানি না।

যথা সংস্কৃতঃ॥ বিষমাং হি দশাং প্রাপ্য দৈবং গর্হয়তে নরঃ। আত্মনঃ কর্ম্মদোষঞ্চ নৈব জানাত্যপণ্ডিতঃ।

---

Never quit a certainty for an uncertainty.

অনিশ্চয় বিষয়ের আশায় নিশ্চয়কে ত্যাগ করিও না।

যথা সংস্কৃতং ॥ যো ধ্রুবাণি পরিত্যজ্য অধ্রুবাণি চ সেবতে। ধ্রুবাণি তস্য নশ্যন্তি অধ্রুবং নষ্টমেব চ।

---

Every man should consider his strength and ability, and act accordingly.

মনুষ্য আপন বল ও পরাক্রম বিবেচনা করিয়া কর্ম্ম করিবেক।

যথা সংস্কৃতং ॥ আত্মনশ্চ পরেষাঞ্চ যঃ সমীক্ষ্য বলাবলং। অন্তরং নৈব জানাতি স তিরস্ক্রিয়তে হরিভিঃ।

---

The prodigal robs his heir, the miser robs himself.

অপরিমিতব্যয়ী তাহার উত্তরাধিকারিকে বঞ্চনা করে কিন্তু কৃপণ ব্যক্তি আপনাকেই বঞ্চনা করে।

যথা সংস্কৃতং ॥ নিজসৌখ্যং বিরুন্ধানো যো ধনার্জ্জনমিচ্ছতি। পরার্থভারবাহী চ ক্লেশস্যৈব হি ভাজনং।

---

Quick resentments prove often fatal.

সহসা কোপ করা সর্ব্বদা সাংঘাতিক হয়।

যথা সংস্কৃতং ॥ গুণদোষাবনিশ্চিত্য ন কার্য্যৌ গ্রহনিগ্রহৌ। স্বনাশায় যথা ন্যস্তো দর্পাৎ সর্পমুখে করঃ।

---

Innocence is ever gay and cheerful.

নির্দ্দোষিতায় সদা সুখ ও সর্ব্বদা আমোদ অর্থাৎ যে জন দোষ রহিত সুজন তাহার বিঘকারী কেহ হয় না।

যথা সংস্কৃতঃ ॥ সৌজন্যং যদি কিং পরৈঃ।

---

Health is life's choicest blessing.

শারীরিক স্বাস্থ্য হয় জীবনের পরম বাঞ্ছিত ধন।

যথা সংস্কৃতঃ ॥ কো ধর্ম্মো ভূতদয়া সৌখ্যমরোগিতা জগতি জন্তোঃ। কঃ স্নেহঃ সদ্ভাবঃ কিম্প্রাণ্ডিত্যং পরিচ্ছেদঃ ॥

---

Honorable age is not that which standeth in length of time, nor that which is measured by number of years; but wisdom is the grey hair unto man, and unspotted life is old age.

পুরীণতা দীর্ঘায়ুঃপ্রযুক্ত বর্ষসংখ্যার অধিকতায় সম্ভবে না কিন্তু জ্ঞান হইয়াছেন মনুষ্যের শুভ্রকেশ এবং নিষ্কলঙ্কে জীবন সেই বার্দ্ধক্য।

যথা সংস্কৃত ঃ॥ নহায়নৈর্ন পলিতৈর্ন বিত্তৈর্ন চ বন্ধুভিঃ ঋষয়শ্চক্রিরে ধর্ম্মং যো হনূচানঃ স নো মহান্।

---

If you desire refreshment, associate yourself with your equals; but if profit, with your superiors.

যদি আমোদ প্রমোদ চাহ তবে তোমার সমযোগ্যের সহিত বাস করহ কিন্তু যদি উপকার বাঞ্ছা করহ তবে তোমার অপেক্ষা উৎকৃষ্ট লোকেরদের সঙ্গ করহ।

যথা সংস্কৃতঃ॥ হীয়তে হি মতির্যস্মাৎ হীনৈঃ সহ সমাগমাৎ সমৈশ্চ সমতাং যাতি বিশিষ্টৈশ্চ বিশিষ্টতাং।

It happens to men of learning as to ears of corn, they shoot up and raise their heads high while empty; but when full, and swelled with grain, they begin *to* flag and droop.

বিদ্বান্ লোকেরদিগের এবং শস্যের শীষ সকলের একই গতিক অর্থাৎ যতক্ষণ অপূর্ণ ততক্ষণ ঊর্দ্ধমুখে থাকে কিন্তু যখন সংপূর্ণ এবং ফলেতে ভারী হয় তখন বিনত ও পরিণত হয়।

যথা সংস্কৃতঃ ॥ নমন্তি ফলিনো বৃক্ষা নমন্তি গুনিনো জনাঃ শুষ্ককাষ্ঠঞ্চ মূর্খশ্চ ভীদ্যতে ন চ নম্যতে।

---

Love labour; if you do not want it for food, you may for physick. It strengthens the body, invigorates the mind, and prevents the fatal consequences of idleness.

পরিশ্রম করিতে ভালবাস যদ্যপি আহার সঞ্চয়ের জন্য শ্রমের আবশ্যক না থাকে তথাপি ঔষধার্থে শ্রম করহ যেহেতুক ইহাতে শরীরকে সবল করে ও মনকে সাহসযুক্ত করে এবং আলস্যের দ্বারা যে সকল বিনাশের কারণ উৎপত্তি হয় তাহা রহিত করে।

যথা সংস্কৃতঃ ॥ শ্রমাদগ্নিস্ততো বলং।

---

True friendship like gold in the fire, is tried in the time of our adversity.

যথার্থ বন্ধুত্ব যেমন সুবর্ণ অগ্নি সংযোগে পরীক্ষা হয় সেই রূপ দুঃখের সময় জানা যায়।

যথা সংস্কৃতঃ ॥ জানীয়াৎ প্রেষণে ভৃত্যান্ বান্ধবান্ ব্যসনাগমে। মিত্রঞ্চাপদি কালে চ ভার্য্যাঞ্চ বিভবক্ষয়ে।

---

The failings of good men are more commonly published in the world than their good deeds.

পৃথিবীতে মহালোকের কীর্ত্তি অপেক্ষা দোষ সহজেই প্রচার হয়।

যথা সংস্কৃতঃ ॥ গুণ শতমপিদোষঃ কশ্চিদেকোহতিবৃদ্ধঃ ক্ষপয়তি যদি নান্যস্তদ্বিরোধী গুণোহস্তি। ঘটমিব পরিপূর্ণং পঞ্চগব্যস্য শক্ত্যা মলিনয়তি সুরায়া বিন্দুরেকোহতিসর্ব্বং।

---

No man is to presume in prosperity, or to despair in adversity; for good and ill fortune do as naturally succeed one another as day and night.

সম্পত্তিতেও কাহারো ভরসা করা নহে এবং দুঃখেতেও অভরসা করা নহে যেহেতক সৌভাগ্য ও দুর্ভাগ্য পরস্পর প্রাপ্ত হয় যেমন দিবারাত্র।

যথা সংস্কৃতঃ ॥ সুখমাপতিতং সেব্যং দুঃখমাপতিতং তথা চক্রবৎ পরিবর্ত্তন্তে দুঃখানি চ সুখানি চ।

---

Quick promisers are often slow performers.

যে ব্যক্তি শীঘ্র অঙ্গীকার করে সে প্রায় বিলম্বেই কার্য্যসিদ্ধি করে।

যথা সংস্কৃতঃ ॥ যথা স্বভাবাৎ খলু দীর্ঘসূত্রী শীঘ্রং প্রতিশ্রুত্য চিরাৎ করোতি। তথৈব দাতা ফলতো হ্যর্থহীনঃ শীঘ্রং প্রতিশ্রুত্য চিরাদ্দদাতি।

Fame once lost can never be regained.

যশঃ একবার নষ্ট হইলে পুনর্ব্বার আর প্রাপ্ত হয় না।

যথা সংস্কৃতঃ॥ যশো ভবতি যত্নেন তচ্চেন্নশ্যতি নোদ্ভবেৎ। তুলোত্তীর্ণস্য সূর্য্যস্য নহি তাদৃক্ প্রভা ভবেৎ।

---

Dead men open the eyes of the living.

মরা জীয়ন্তকে সচেতন করে। অর্থাৎ মৃতশরীর দেখিয়া শ্মশান বৈরাগ্যক্রমে চৈতন্যের উৎপত্তি হয় অতএব ভক্ত ব্যক্তি প্রার্থনা করিয়াছেন।

যথা সংস্কৃতঃ॥ শ্মশানান্তে পুরাণান্তে রতেরন্তে চ যা মতিঃ। সা মতির্দীয়তে নাথ মম জন্মনি জন্মনি।

---

A rupee in the pocket is a good companion.

হস্তগত অর্থ কার্য্যকালে সুহৃদের সমান কর্ম্ম করে।

যথা সংস্কৃতঃ॥ ধনেভ্যো ন কশ্চিৎ সুহৃদ্বিদ্যতে চ ধনান্যর্জ্জয় ধ্রুবং ধনান্যর্জ্জয় ধ্রুবং। কিম্বা॥ পুস্তকস্থাতু যা বিদ্যা পরহস্তগতং ধনং কার্য্যকালে সমুৎপন্নে ন সা বিদ্যা ন তদ্ধনং।

---

You must cut your coat according to your cloth.

বস্ত্রের আয়তন বুঝিয়া পরিচ্ছদ প্রস্তুত করহ অর্থাৎ সমস্থান বুঝিয়া কর্ম্ম করহ।

যথা সংস্কৃতঃ॥ দুর্বিনং পরিমিতমমিতব্যয়িনং জনমাকুলীকুরুতে। হীনাঞ্চলমিব পীনস্তনজঘনায়াঃ কুলীনায়াঃ।

---

Patience is a plaster for all sores.

সকল ঘায়ের ঔষধ হয় ধৈর্য্য। অর্থাৎ বিপদে ধৈর্য্য কর্ত্তব্য হয়।

যথা সংস্কৃতঃ॥ বিপত্তৌ চ মহালোকৌ ধীরতামধিগচ্ছতি। কিম্বা বিপদি ধৈর্য্যমিতি।

---

Every sin brings its punishment along with it.

দুষ্কর্ম্মের সঙ্গে সঙ্গেই সমুচিত দণ্ড থাকে।

যথা সংস্কৃতঃ॥ ত্রিভির্বর্ষৈস্ত্রিভির্মাসৈস্ত্রিভিঃ পক্ষৈস্ত্রিভির্দিনৈঃ। অত্যুৎকটৈঃ পাপপুণ্যৈরিহৈব ফলমশ্নুতে।

---

Our reputation, virtue, and happiness, greatly depend on the choice of our companions.

আমারদিগের যশঃ এবং ধর্ম্ম এবং সুখ এ সকল প্রায় আমারদিগের সহবাসির গুণেই রক্ষা পায়।

যথা সংস্কৃতঃ॥ যদি সৎসঙ্গবিরতো ভবিষ্যসি ভবিষ্যসি। তদা দুর্জ্জন গোষ্ঠীষু পতিষ্যসি পতিষ্যসি।

---

We should be kind to all persons, even to those who are unkind to us.

সকল লোকের প্রতি আমারদিগের দয়া করা কর্ত্তব্য বরং যে ব্যক্তি আমারদিগকে নির্দ্দয় তাহাকেও উচিত।

যথা সংস্কৃতঃ॥ ক্ষমাশত্রৌ চ মিত্রে চ যতীনামেব ভূষণং।

---

Partiality to self often hides from us our own faults; we see very clearly the same faults in others.

আত্মশ্লাঘার দ্বারা আমারদিগের আপন দোষ সকল দৃষ্ট হয় না কিন্তু সেই দোষ পরের হইলে আমরা দিব্য চক্ষুতে দেখিয়া থাকি।

যথা সংস্কৃতঃ॥ আত্মছিদ্রং ন জানাতি পরছিদ্রাণি পশ্যতি।

---

Never sport with pain and distress in any of your amusements; nor treat even the meanest insect with wanton cruelty.

পরের পীড়া ও পরের বেদনা দিয়া কোনা আমোদে আমোদ করিও না ইহাতে অতিক্ষুদ্র যে জীব তাহারো প্রতি কৌতুকাবিষ্ট হইয়া নিষ্ঠুরতা করিও না।

যথা সংস্কৃতঃ। প্রাণা যথাত্মনোভীষ্টা ভূতানামপিতে তথা। আত্মৌপম্যেন ভূতানাং দয়াংকুর্ব্বন্তি সাধবঃ।

---

Avoid all harshness in behaviour: treat every one with that courtesy which springs from a mild and gentle heart.

উগ্রতা স্বভাব ত্যাগ করিয়া সকলের সহিত সুশীলতা ব্যবহার করহ যাহা স্নিগ্ধ ও কোমলান্তঃকরণে উৎপত্তি হয়।

যথাসংস্কৃতঃ॥ সকলংশীলেন কুর্য্যাদ্বশং।

---

The days that are past are gone for ever; those that are to come, may not come to us; the present time only is ours: let us, therefore, improve it as much as possible.

যে দিন গত হইয়াছে সে একেবারেই গিয়াছে এবং যে দিন আসিবেক সে না আসিতেও পারে কেবল বর্ত্তমান যে সময় ইহাই আমারদিগের বটে অতএব যথাসাধ্য এইকালকে সার্থক করা কর্ত্তব্য।

যথা সংস্কৃতঃ॥ কো জানীতে কদা কস্য মৃত্যুকালো ভবিষ্যতি। অদ্যৈব ধর্ম্মশীলঃ স্যাদনিত্যং খলু জীবিতং।

---

Whatever is worth doing at all, is worth doing well: but it is impossible to do any thing well without attention.

যে কোন কর্ম্ম করা কর্ত্তব্য হয় তাহা সুন্দররূপেই করা কর্ত্তব্য কিন্তু সুবিচার না করিলে কোন কর্ম্ম সুন্দররূপে করা সাধ্য হয় না।

যথা সংস্কৃতঃ॥ সুচিন্ত্য চোক্তং সুবিচার্য্য যৎকৃতং সুদীর্ঘকালেন চ যাতি বিক্রিয়াং।

---

Let us not expect too much pleasure in this life: no situation is exempt from trouble. The best persons are, no doubt, the happiest: but they too have their trials and afflictions.

জীবনে অতিশয় সুখেচ্ছা করা আমারদিগের উচিত হয় না কারণ কোনহ পদে বিপদ ছাড়া নাই। যদ্যপিও মহা লোকেরা নিঃসন্দেহ সুখী বটেন কিন্তু মহত্তের সম্বন্ধেও দৈব বিচার ও বিপদ আছে।

যথা সংস্কৃতঃ॥ বৃত্ত্যর্থং নাতিচেষ্টেত সা বিধাত্রৈব নির্ম্মিতা। অন্যচ্চ। মহতামাপদো নিত্যং সম্পদোঽপি দিনে দিনে।

---

What better proof can we give of wisdom and goodness, than to be content with the station in which providence has placed us?

বিধাতা আমারদিগকে যে অবস্থায় রাখেন তাহাতেই সন্তোষযুক্ত থাকাতে যেমন আমারদিগের জ্ঞানের ও সদাচরণের পরীক্ষা হয় তেমন আর কিসে হয়।

যথা সংস্কৃতঃ॥ তেনাধীতং শ্রুতং তেন তেন সর্ব্বমনুষ্ঠিতং যেনাশাং পৃষ্ঠতঃ কৃত্বা নৈরাশ্যমবলম্বিতং। অন্যচ্চ। সুখমাপতিতং সেব্যং দুঃখমাপতিতন্তথা। চক্রবৎ পরিবর্ত্তন্তে দুঃখানি চ সুখানি চ।

---

Cyrus, when young, being asked what was the first thing which he learned, answered; "To speak the truth."

সাইরস যখন বালক ছিলেন তৎকালীন তাঁহাকে জিজ্ঞাসা করিয়াছিল যে তুমি প্রথমতঃ কোন শিক্ষা শিখিয়াছ তাহাতে তিনি উত্তর করিয়াছিলেন যে সত্য বাক্য কহ। অর্থাৎ সকল ধর্ম্মাপেক্ষা সত্য ধর্ম্মের ঔৎকর্ষ্য।

যথা সংস্কৃতং ॥ অশ্বমেধ সহস্রেভ্যঃ সত্যমেবাতিরিচ্যতে।

---

Epaminondas, the celebrated Theban general was remarkable for his love of truth. He never told a lie even in jest.

ইপেমিনণ্ডস নামে বিখ্যাত থিবান জেনেরাল যিনি সত্য নিষ্ঠায় অসাধারণ লোক ছিলেন তিনি কখন পরিহাসক্রমেও মিথ্যা কথা কহিতেন না।

যথা সংস্কৃতং ॥ বরং কার্য্যং মৌনং নচ বচনমুক্তং যদনৃতং।

---

The following was a favourite sentiment of the wise and good Socrates: " we should eat and drink, in order to live; instead of living, as many do, to eat and drink."

সোক্রেটস্নামক জ্ঞানী ও মহদ্ব্যক্তির এই মনোনীত মত ছিল যে আমারদিগের জীবন রক্ষার নিমিত্তে যে আহার করা তাহাই কর্ত্তব্য কিন্তু যেমন অনেকে শুদ্ধ আহারের নিমিত্তে জীবন ধারণ করে তাহা কর্ত্তব্য নহে।

যথা সংস্কৃতং ॥ অহিতহিতবিচারৈঃ শূন্যবুদ্ধের্নরস্য শ্রুতিবিষয়বিরামাপ্রীতিসর্ব্বক্ষণস্য। উদর ভরণমাত্রং কেবলং নান্য কর্ম্ম ইতি মনুজ পশোর্ব্বাকো বিশেষঃ পশোশ্চ। অন্যচ্চ। বৃত্ত্যর্থং ভোজনং যেষাং সন্তানার্থঞ্চ মৈথুনং। সত্যার্থং বচনং যেষাং দুর্গাণ্যপি তরন্তি তে।

---

Artaxerxes Mnemon, king of Persia, being upon an extraordinary occasion, reduced to eat barley bread and dried figs, and to drink water; " what

pleasure," said he, "have I lost till now, by my delicacies and excess!"

অর্টজরক্সস্ মিমন নামে পারশ দেশের বাদশাহ ছিলেন কোন অসম্ভব সম্ভাবনায় তাঁহাকে যবের রুটী ও শুষ্ক ডুমুরের ফল এবং পেয়দুব্যের মধ্যে জল খাইতে হইয়াছিল ইহাতেও তিনি কহিয়াছিলেন সে আমার মৃদুতায় এবং অপরিমিত দশায় এপর্য্যন্ত আমি কোনহ সুখ হারাই নাই অর্থাৎ আহারের কষ্টে কষ্ট বোধ করি না।

যথা সংস্কৃতঃ॥ স্বচ্ছন্দবনজাতেন শাকেনাপি প্রপূর্য্যতে। অস্য দগ্ধোদরস্যার্থে কঃ কুর্য্যাৎ পাতকং মহৎ।

---

When Cato drew near the close of life, he made this most benevolent declaration to his friends: "The greatest comfort of my old age, is, the pleasing remembrance of the friendly offices I have done to others. To see them easy and happy by my means, makes me truly so."

যে কালে কাটোনামক মহাত্মার জীবনাবসান কাল নিকটাগত হইল তখন তিনি আপনার স্বজন সকলকে এই স্নেহোক্তি প্রকাশ করিলেন যে এক্ষণে আমার বৃদ্ধদশায় কেবল যে সকল পরোপকার করিয়াছি তাহারি স্মরণমাত্র সুখের কারণ হইয়াছে এবং তাহারা যে মৎকর্তৃক সুখী ও স্বচ্ছন্দ দৃষ্ট হইতেছে ইহাতেই আমিহ ঐরূপ সুখী ও স্বচ্ছন্দ হইতেছি।

যথা সংস্কৃতঃ॥ পরোপকরণং কায়াদসারাৎ সারমুদ্ধরেৎ অন্যচ্চ। এক এব সুহৃদ্ধর্ম্মো নিধনেপ্যনুযাতি যঃ।

---

Mark Antony, when under adverse circumstan-

ces, made this interesting exclamation: "I have lost all, except what I have given away."

মার্ক আন্তনিনামক এক জন উচ্চ পদস্থ ব্যক্তি যখন বিপদস্থ হইয়াছিলেন তৎকালীন এই সান্ত্বনা উক্তি প্রকাশ করিয়াছিলেন যে আমি সকলি হারাইয়াছি বটে কিন্তু যাহা দিয়াছি তাহাই হারাই নাই।

যথা সংস্কৃতঃ॥ তন্নষ্টং যন্ন দীয়তে। কিম্বা যা লোভাৎ যা পরদ্রোহাৎ যৎপাত্রে যৎপরার্থকে মৈত্রী লক্ষ্মীর্ব্যযঃ ক্লেশঃ সা কিং সা কিং স কিং স কিং।

---

The emperor Marcus Aurelius, a pious and good man, expressed the benevolence of his heart, in these words: "I cannot relish a happiness which no one partakes of but myself."

মহারাজাধিরাজ মার্কস আরিল্যস যিনি ধর্ম্ম পরায়ণ সাধুব্যক্তি ছিলেন তিনি এই বাক্য কহিয়া অন্তঃকরণের দয়া প্রকাশ করিতেন অর্থাৎ যে সুখের অংশী কেবল আমি হই আমা ভিন্ন অন্য কেহ হয় না সে সুখে আমি সুখ বোধ করি না।

যথা সংস্কৃতঃ॥ যস্মিন্ জীবতি জীবন্তি বহবঃ স তু জীবতু কাকোপি কুরুতে চঞ্চ্বা ননু স্বোদরপূরণং।

---

Pity the sorrows and sufferings of the poor. Disdain not to enter their wretched abodes, nor to listen to their moving lamentations.

দরিদ্রের দুঃখ ও কষ্টভোগ দেখিয়া দয়া করিও আর তাহার

দের অথবা ঘরেতে যাইতে এবং তাহারদের স্নেহজনক ক্রন্দনেতে মনোযোগ করিতে অবহেলা করিও না।

যথা সংস্কৃতঃ ॥ দরিদ্রান্ ভর কৌন্তেয় মাপ্রযচ্ছেশ্বরে ধনং ব্যাধিতস্যৌষধং পথ্যং নীরুজস্য কিমৌষধং।

---

Whatever your father or mother requires, not contrary to God's commands, you are diligently to perform; by associating with the good and copying their example, you should render honor to your parents.

যেং বিষয়ে তোমারদিগের পিতা মাতার আজ্ঞা আছে তাহা যদি ঈশ্বরাজ্ঞার বিপরীত না হয় তবে সেই আজ্ঞাই যত্নপূর্ব্বক পালন কর এবং সৎসঙ্গে বাস করিয়া ভাল ব্যবহার শিক্ষা করত পিতা মাতার প্রতি ভক্তি কর।

যথা সংস্কৃতঃ ॥ সচপুত্রঃ সোঽপি শিষ্যো য আজ্ঞাং পালয়েদ্গুরোঃ। ন ক্ষেমং তস্য মূঢ়স্য যো গুরোরবচস্করঃ।

---

Cicero, who was famed for his judgement, his knowledge, and his veracity, made the following remark concerning knowledge: " What else is there but knowledge capable of pointing out the way to God and the duty of man?"

সিসেরো নামে এক ব্যক্তি যিনি সদ্বিবেচক ও উত্তম জ্ঞানবান এবং সত্যবাদিরূপে খ্যাত ছিলেন তিনি এইরূপে বিদ্যার বিবেচনা করিতেন যে পরমেশ্বরের পথ দেখাইতে ও মনুষ্যের কার্য্য দর্শাইতে বিদ্যাবিনা কি আছে।

যথা সংস্কৃতঃ ॥ অনেকসংশয়চ্ছেদি পরোক্ষার্থস্য দর্শনং সর্ব্বস্য লোচনং শাস্ত্রং যস্য নাস্ত্যন্ধ এব সঃ।

---

Aristotle, who was a philosopher, being asked what was got by lying, replied : "after a person has been guilty of falsehood, no one will believe him when he speaks the truth."

আরিস্তল নামে এক ব্যক্তি পরম জ্ঞানবান ছিলেন তাঁহাকে এক জন জিজ্ঞাসা করিলেক যে মিথ্যা কহিলে কি হয় তাহাতে তিনি উত্তর করিলেন মিথ্যা কহিলে এই হয় যে সত্য কহিলেও কেহ বিশ্বাস করে না।

যথা সংস্কৃতঃ। ধূর্ত্তস্য বচনে কাস্থা ক্বচিৎ সত্যং ক্বচিন্মৃষা। ক্বচিদ্রৌদ্রং কচিদ্বৃষ্টিঃ শ্রাবণস্য দিনং যথা।

---

Whoever is industrious, becomes wealthy. If any person teaches his children to be industrious, it is superior to every thing else. What the indolent think impossible to be done, may be accomplished by diligence.

যে ব্যক্তি উদ্যোগী হয় সে ধন ও সম্পত্তি পায়। অতএব যদি কোন ব্যক্তি আপনার সন্তানেরদিগকে উদ্যোগী হইতে শিক্ষা করান তবে অত্যুত্তম হয় যেহেতুক উদ্যোগশূন্য লোকেরা যে সকল বস্তুকে আপনার অসাধ্য বলিয়া জানে সে সকল বস্তু চেষ্টা করিলে অতিসহজ হয়।

যথা সংস্কৃতঃ ॥ উদ্যোগিনং পুরুষসিংহমুপৈতি লক্ষ্মীঃ। দৈবেন দেয়মিতি কাপুরুষা বদন্তি।

Through genuine virtue a man becomes truly great and respectable. The sign of greatness in a man is true virtue.

সদ্গুণের দ্বারা সৌভাগ্য এবং যশোলাভ হয় এবং মনুষ্যে তে সদ্গুণ বর্ত্তনই মহৎ হওনের লক্ষণ।

যথা সংস্কৃতঃ॥ পূজায়া ধনমুন্নতের্গুণচয়ং শান্তের্বিবেকো বলং।

---

For destroying the understanding and polluting the mind, there is no enemy like pride.

বুদ্ধিনাশ করিতে এবং মনের মালিন্য জন্মাইতে অহঙ্কারের পর আর শত্রু নাই।

যথা সংস্কৃতঃ॥ নাহঙ্কারাৎ পরো রিপুঃ।

---

The first step to become serene and polite, is always to be careful not to allow ourselves to become the slaves of passion; it is best to keep it under.

শান্ত এবং শিষ্ট হইবার প্রধান উপায় এই যে সর্ব্বদা সাবধানে থাকিয়া রাগের বশতাপন্ন না হওয়া কিন্তু রাগকে আপনার বশে রাখা ইহাই অত্যুত্তম।

যথা সংস্কৃতঃ॥ আপদাং কথিতঃ পন্থা ইন্দ্রিয়াণামসংযমঃ তজ্জয়ঃ সম্পদাং মার্গো যেনেষ্টং তেন গম্যতাং।

---

He who can conquer passion, can triumph over

very powerful foes. If we cannot subdue passion, it will subdue us.

যে ব্যক্তি রাগকে পরাজয় করিতে পারে সে ব্যক্তি বড় বলবান শত্রুকেও পরাজয় করিতে পারে যদি আমরা রাগকে পরাভব করিতে না পারি তবে রাগ আমারদিগকে পরাভব করিবেক।

যথা সংস্কৃত ॥ ইন্দ্রিয়ং বিজিতং যেন তেনৈব ভুবনং জিতং। যশ্চেন্দ্রিয়ৈঃ পরাভূতঃ স সর্ব্বত্র পরাজিতঃ।

---

Our best friends are those who tell us of our faults, and teach us how to correct them.

যে ব্যক্তি আমারদিগের পাপ আমারদিগকে ব্যক্ত করে এবং কি প্রকারে সে পাপ মার্জ্জনা হইবেক তাহা শিখায় সেই ব্যক্তিই পরম বন্ধু।

যথা সংস্কৃতঃ ॥ পাপান্নিবারয়তি যো যজতে হিতায় দোষঞ্চ গূহতি গুণান্ প্রকটীকরোতি। আপদ্গতঞ্চ সুহৃদং ন জহাতি কালে সন্মিত্রলক্ষণমিদং প্রবদন্তি সন্তঃ।

ইতি ইংলণ্ডীয় ভাষার গদ্য সমাপ্ত।

শ্রীশ্রীঈশ্বরো জয়তি।

# SELECT ENGLISH POETRY.

ইংরাজী ভাষাহইতে সমুদ্ধৃত পদ্য।

### *Moral culture*—নীতি রোপণ।

If good we plant not, vice will fill the place;
And rankest weeds the richest soils deface.

অস্যার্থসূচক ভাষাপদ্য।

সুনীতি অঙ্কুর যদি হৃদয়ে না হয়। কুনীতির বীজ সেই স্থানে স্থান লয়। অবশেষে বন্যবৃক্ষ হইয়া প্রবল। হৃদয়ের সারভূমি করয়ে নির্মূল।

যথা সংস্কৃতঃ॥ নচেৎ সুনীতির্হৃদয়ে সুসংগতা তদা কুনীতেঃ সুতরাং প্রবীণতা। বসুন্ধরায়াং যদবীজরোপণাৎ স বন্যকা ভূর্ভবতি স্বভাবতঃ।

---

### *Education in childhood*—বাল্যাবস্থায় বিদ্যাভ্যাস।

Children like osiers take the bow,
And as they first are fashioned always grow.

অস্যার্থসূচক ভাষাপদ্য।

শিশু শৈশব সময় নওয়াইলে নম্র হয় যেমন বনজ লতাগণ।
প্রথমেতে যেপ্রকারে প্রস্তুত করহ তারে সেই ধারা রহে সর্ব্বক্ষণ।

যথা সংস্কৃতঃ॥ অরণ্যবল্লীগণ শৈশবাত্মকে যথা কৃতাকার তরুশ্চিরংতথা। তথা সুশিক্ষা শিশুকালশিক্ষিতা পরম্পরং সং দৃঢ়তাং প্রয়াতি সা।

---

*Promise*—প্রতিজ্ঞা পালন।

Perform thy promise, keep within faith's bounds,
Who breaks his word, his reputation wounds.

অস্যার্থসূচক ভাষা পদ্য।

প্রতিজ্ঞা পালন কর ধর্ম্মের নিয়মে। কথার অন্যথা হইলে ব্যাঘাত সম্ভ্রমে।

যথা সংস্কৃতঃ॥ অদ্যাপি নোজ্ঝতি হরঃ কিল কালকূটং কূর্ম্মো বিভর্ত্তি ধরণীং খলু পৃষ্ঠকেন। অম্ভোনিধির্বহতি দুঃসহ বাড়বাগ্নিং অঙ্গীকৃতং সুকৃতিনঃ প্রতিপালয়ন্তি। অন্যচ্চ। উদ য়তি যদি ভানুঃপশ্চিমে দিগ্বিভাগে প্রচলতি যদি মেরুঃ শীততাং যাতি বহ্নিঃ। বিকশতি যদি পদ্মঃ পর্ব্বতানাং শিখাগ্রে ন চলতি খলু বাক্যং সজ্জনানাং কদাচিৎ।

*Diligence*—কার্য্যসাধনে প্রয়াস।

Despair of nothing that you would attain,
Unwearied diligence your point will gain.

অস্যার্থসূচক ভাষা পদ্য।

অভরসা করিও না কোন কর্ম্মোদ্দেশে। নিয়মিত পরিশ্রম পূরায় সর্ব্ব আশে।

যথা সংস্কৃতঃ॥ বিস্ময়ঃসর্ব্বদা হেয়ঃ প্রত্যূহঃ সর্ব্বকর্ম্মণাং। তস্মা দ্বিস্ময়মুৎসৃজ্য সাধ্যে সিদ্ধির্বিধীয়তাং।

*The Miser*—কৃপণ ব্যক্তির কথা।

Vain misers strive to heap up riches in store,
And in the midst of plenty still are poor.
What senseless madness their souls bewitch,
Thus poor to live in hopes of dying rich.

অস্যার্থসূচক ভাষা পদ্য।

অসার কৃপণজন শুদ্ধ আশার কারণ বিপুল অর্থ সঞ্চয় করে।
তথাপি অনেক ধন থাকিতেও নির্ধন ভোগহীন দুঃখে কাল হরে।
একি মন্দমতি তার বিড়ম্বনা বিধাতার সুখেতে অসুখী নিরন্তরে।
দীন দরিদ্রের মত কষ্টে বাস অবিরত ধন লইয়া মরিবার তরে।

যথা সংস্কৃতঃ॥ নিজসৌখ্যং নিরুন্ধানো যো ধনার্জ্জনমিচ্ছতি। পরার্থং ভারবাহী চ ক্লেশস্যৈবহি ভাজনং। অন্যচ্চ। আত্মানং পরিবঞ্চ্য যাচককুলং কুর্ব্বন্তি যে সঞ্চয়ং তেষাং পাপযুষাং তদেব হি ধনং ভোগায় নো জায়তে। নিত্যং সঞ্চয়তে মধূনি সরঘা দত্ত্বানলং তন্মুখে নীত্বা দেবপিতৄন্ সদা সুকৃতিনঃ সংতোষয়ন্তি ধ্রুবং।

---

*Brave deeds and virtue*—সৎকীর্ত্তি এবং সদনুষ্ঠান।

Brave deeds, and virtue, (when spotless) have
Glorious rewards, that shall outlive the grave.

অস্যার্থসূচক ভাষা পদ্য।

শূরের নির্ম্মল কীর্ত্তি আর পুণ্যচয়। অবশ্য সফল হয় মরিলেও রয়।

যথা সংস্কৃতঃ॥ চলচ্চিত্তং চলদ্বিত্তং চলজ্জীবন যৌবনং। চলাচলমিদং সর্ব্বং কীর্ত্তির্যস্য স জীবতি।

*The Contented person and the Miser*—নিরাকাঙ্ক্ষী আর ধনলোভী।

He's rich who never covets worldly pelf,
He's poor who has enough, and starves himself.

অস্যার্থসূচক ভাষা পদ্য।

সেই ধনী কোন ধনে লোভ নাই যার। সেই দুঃখী থাকিতে যে না করে আহার।

যথা সংস্কৃতঃ॥ লোভৈর্বিমুক্তঃ স জনো ধনাঢ্যো যস্তৃপ্তিলাভেন সম্পত্তিলাভঃ। লোভী ধনার্থীচ স এব দুঃখী যস্মান্ন ভুঙ্ক্তে ন দদাতি কস্মৈ।

---

*Mortality*—সংসারের অনিত্যতা।

All human things are subject to decay.
And when death summons monarchs must obey.

অস্যার্থসূচক ভাষা পদ্য।

মনুষ্যাদি সকলি পতনশীল ক্ষীণ। ভূপতিও কৃতান্তের আজ্ঞার অধীন।

যথা সংস্কৃতঃ॥ পাতালে মর্ত্যলোকে২ দিতিসুতভবনে যে চ নাগামরাদ্যা লীয়ন্তে তে ইথ মর্ত্যে নরপতিমুনয়স্তৎকথা কিঞ্চ তেষাং। রুদ্রো মৃত্যুঞ্জয়োহি প্রলয়সময়তঃ সোপি কালেন লীনঃ কালস্যাজ্ঞানুবর্ত্তী সকলভুবনভূর্ভূপতির্ব্বাক্পতির্ব্বা।

---

*Internal qualification*—অন্তরীয় গুনমাহাত্ম্য।

A beautious form and mind discreet
In the same person rarely meet.

অস্যার্থসূচক ভাষা পদ্য।

আকারসুদৃশ্য আর বুদ্ধি বিচক্ষণ। একাধারে কদাচিৎ হয় সংঘটন।

যথা সংস্কৃতঃ॥ শোক্তাধারে কুসুমনিকরে কিংশুকে নাস্তি গন্ধং গন্ধাধারে ভুজগভবনে চন্দনে নাস্তি পুষ্পং। ইক্ষৌ বৃক্ষে ন ভবতি ফলং কেতকী কণ্টকাঢ্যা একাধারে সকলসুভগং দুর্লভং হি ত্রিলোকে।

---

*Uncertainty of our existence*—জীবনের অস্থিরতা।

Let not the morrow your vain thoughts employ,
But think this day, the last you shall enjoy.

অস্যার্থসূচক ভাষা পদ্য।

বৃথা না করিও আশ কল্যকার জন্য। অদ্যকার দিন কর শেষ দিন গণ্য।

যথা সংস্কৃতঃ॥ কো জানীতে কদা কস্য মৃত্যুকালো ভবিষ্যতি। অদ্যৈব ধর্ম্মশীলানামনিত্যং খলু জীবিতং।

---

*Man's fancy*—মনুষ্যের মতের বিভিন্নতা।

Men's fancies vary like their faces,
What one commends another man disgraces.

অস্যার্থসূচক ভাষা পদ্য।

যেমন পরস্পর রূপভিন্ন হয়। তেমতি মনুষ্যের মত ঐক্য নয়। যাহাতে প্রশংসা করে কোন এক জন। তাহাতেই অন্যে করে দোষ আরোপণ।

যথা সংস্কৃতঃ॥ বেদা বিভিন্নাঃ স্মৃতয়ো বিভিন্না নাসৌ মুনির্যস্য মতং বিভিন্নং।

---

*Humility*—নম্রতা।

Be humble; learn thyself to scan:
Know, pride was never made for man.

অস্যার্থসূচক ভাষা পদ্য।

নম্রশীল হও আর আত্মপদার্থ বিচার শিক্ষা কর অনিবার শাস্ত্রে এই কয়। যে জন অতি জঘন্য অহঙ্কার তার জন্য মনুষ্যের জন্য গণ্য অহঙ্কার নয়।

যথা সংস্কৃতঃ॥ আত্মতত্ত্ববিচারেণ নম্রশীলো ভবেন্নরঃ। অনিত্যদেহসংজাতাঽহঙ্কারাত্তু ব্রজত্যধঃ।

---

*The choice of friends*—বন্ধু বিবেক।

Who friendship with a knave has made
Is judg'd a partner in the trade.
'Tis thus, that on the choice of friends,
Our good or evil name depends.

অস্যার্থসূচক ভাষা পদ্য।

যে জন দুর্জ্জন সহ করয়ে প্রণয়। সে তার দুর্জ্জনতার দোষ ভাগী হয়। অতএব যশ অপযশ এ জীবনে। উভয় হয় কেবল সখ্যতার গুণে।

যথা সংস্কৃতঃ॥ দুর্জ্জনেন সহ প্রীতিং কুরুতে যঃ স তদ্গুণঃ। গরলেন সহাবাসাৎ পয়োপি গরলায়তে।

---

*Education*—বিদ্যা।

Consult the moralist, you'll find
That education forms the mind.

অস্যার্থসূচক ভাষা পদ্য।

জিজ্ঞাস উপায় নীতি পণ্ডিত জনেরে। বিদ্যাতেই মনুষ্যের চিত্ত শুদ্ধি করে।

যথা সংস্কৃতঃ॥ চিত্তশুদ্ধিকরী বিদ্যা বিদ্যাযোগাৎ সুপণ্ডিতঃ। নীত্যুপায়ং বিবিৎসুর্ব্বৈ পণ্ডিতঞ্চানুপৃচ্ছতি।

*The source of true happiness*—প্রকৃতসুখের আমূল।

The happiness of human kind
Consists in rectitude of mind.

অস্যার্থসূচক ভাষা পদ্য।

মনুষ্যের যত সুখ জানিবে নিশ্চয়। চিত্তশুদ্ধ হইলেই উপস্থিত হয়।

যথা সংস্কৃতঃ॥ যাবন্তি তু সুখানি স্যুঃ পৃথিব্যাং ভরতর্ষভ। ততো ঽধিকানি হৃৎশুদ্ধৌ যতো মুক্তির্ভবেত্ততঃ।

---

*Courage*—সাহস।

Presence of mind, and courage in distress
Are more than armies to procure success.

অস্যার্থসূচক ভাষা পদ্য।

ক্লেশেতে মনের স্থৈর্য্য সাহস ক্রমিক। জয়লাভহেতু ইহা সৈন্যের অধিক।

যথা সংস্কৃতঃ॥ অতিক্লেশে মনঃস্থৈর্য্যং ক্রমেণ সাহসন্তথা। জয়লাভায় হেতূ দ্বৌ সৈন্যানামধিকং বিদুঃ।

---

*Pride*—অহঙ্কার।

They who are proud, and other men disdain,
Do often meet with hate and scorn again.

অস্যার্থসূচক ভাষা পদ্য।

পরনিন্দা করে যেই অহঙ্কৃত জন। অপমান অবজ্ঞা সে পায় সর্ব্বক্ষণ।

যথা সংস্কৃতঃ॥ অহঙ্কৃতো ন কুর্ব্বীত পরহিংসননিন্দনং। পার্থস্য নিন্দয়া কর্ণো রণেহভূচ্চ পরাঙ্মুখঃ।

---

*Anger*—ক্রোধ।

If anger kindles, check the impetuous flame,
Nor let thy tongue traduce an absent name.

অস্যার্থসূচক ভাষা পদ্য।

ক্রোধানল যে সময় অন্তরে জ্বলিত হয় নিভাও প্রবল শিখা তার। স্ববশে রাখ জিহ্বারে যেন কদাচ না করে অপবাদ নিন্দার সঞ্চার।

যথা সংস্কৃতঃ। অন্তর্জ্জ্বলিতকোপাগ্নিং শমজ্ঞানাম্বুনা সখে। জিহ্বাং কৃত্বা বশে শশ্বৎ ত্যজ নিন্দাপবাদনং। অন্যচ্চ। পরাপবাদং নব্রুয়াৎ ন শ্রোতব্যঃ কদাচ ন। আসীতাধোমুখস্তুষ্ণীং সমুত্থায় ব্রজেচ্চবা।

---

*Deliberation and fellow-feeling.*

সুস্থিরতা আর পরদুঃখে কাতরতা।

Give none by hasty judgement cause to grieve;
Love without int'rest, without fear forgive.

অস্যার্থসূচক ভাষা পদ্য।

সহসা কোপের ভরে কোন জনের অন্তরে সন্তাপ দিও না কদাচিত। নিঃস্বার্থে হইও সদয় সভয়ে দিয়া অভয় ক্ষমাকর সেই সে উচিত।

যথা সংস্কৃতঃ॥ রাগেণ সহসা রাজন্নৈব সন্তাপয়েৎ পরং। অস্বার্থ সদয়ঃ ক্ষম্যো দদ্যাদ্বৈ সভয়াভয়ং। অন্যচ্চ। ন গোপ্রদানং ন মহীপ্রদানং নচান্নদানং ন সুবর্ণদানং যথা বদন্তীহ মহাপ্রদানং সর্ব্বেষু দানেষ্বভয়প্রদানং।

*Diligence and industry*—প্রয়াস ও পরিশ্রম।

The ant against cold winter wisely hoards
Provision, which the summer's wealth affords,
Reading a silent lesson to mankind,
That they in diligence be not behind.

অস্যার্থসূচক ভাষা পদ্য।

পিপীলিকাগণ অতিবিচক্ষণ ইহারি কারণ অগ্রে হইয়া উদ্যোগী। শীতের সঞ্চয় করিবার আশয় গ্রীষ্মের সময় হয় শ্রমে অনুরাগী। এমতে মানবে পিপীলিকাসবে নীরবে নীরবে এই করে উপদেশ। যেন কোন জন শ্রমে অযতন না করে কখন ক্লেশসুখ দেয় শেষ।

যথা সংস্কৃতঃ॥ উদ্যোগিনং পুরুষসিংহমুপৈতিলীক্ষ্মীর্দৈবেন দেয়মিতি কাপুরুষা বদন্তি। দৈবং নিহত্য কুরু পৌরুষমাত্মশক্ত্যা যত্নে কৃতে যদি নসিধ্যতি কোঽত্র দোষঃ।

---

*On forethought*—পূর্ব্ব চিন্তা।

Rashness and haste make all things unsecure,
All great concernments must delay endure;
Think on the means, the manner, and the end,
When any great design thou dost intend.

অস্যার্থসূচক ভাষা পদ্য।

ব্যস্ত আর ত্রাস্ত হইলে সমস্ত বিনাশ। ধৈর্য্যতায় সর্ব্বকার্য্যে সিদ্ধি হয় আশ। কোন অভিপ্রায় মনে করহ যখন। ভাব তার উপায় লক্ষণ সমাপন।

যথা সংস্কৃতঃ॥ সহসা বিদধীত ন ক্রিয়ামবিবেকঃ পরমাপদাংপদং। বৃণতেহি বিমৃষ্য কারিণং গুণলুব্ধাঃস্বয়মেব সম্পদঃ।

### *Truth*—সত্যতা।

Credit obtained, untruth for truth may pass,
As current coin, tho' underneath 'tis brass;
But if perfidious thou but once be found,
Thy words tho' true, like to untruth will sound

অস্যার্থসূচক ভাষা পদ্য।

যথায় বিশ্বাস করে মিথ্যাও কহিলে পরে সত্যের সমান জ্ঞান হয়। যেমন চলনতঙ্কা লইতে না করে শঙ্কা যদ্যপিও মধ্যে খাদি রয়। কিন্তু যদি একবার সেই চাতুরী তোমার দৈবাৎ কেহ সন্ধান পায়। তবে তোমার কথায় সত্য বলিলেও প্রায় মিথ্যার সন্দেহ নাহি যায়।

যথা সংস্কৃতঃ॥ বিশ্বস্তোক্তা তু যা বাণী মিথ্যাপি তু ঋতায়তে দৈবাত্তস্মিন্নবিশ্বস্তে তদৃতাপ্যনৃতায়তে।

---

### *On our mortal life*—অনিত্য জীবন।

Gay dainty flow'rs go swiftly to decay,
Poor wretched life's short portion flies away.
We eat, we drink, we sleep; but lo! anon;
Old age steals on us, never thought upon.

অস্যার্থসূচক ভাষা পদ্য।

সুশোভিত পুষ্পদল অতিশয় সুকোমল কিন্তু ত্বরাতেই নষ্ট যায়। তেমতি ক্ষণিক প্রায় মনুষ্যের আয়ুর্দায় দেখিতেং লয় পায়। কখনো ভোজনাবেশে কখনো নিদ্রার বশে কিন্তু দেখ এ কি চমৎকার। কোথাহইতে শেষ দশা যাহার না ছিল আশ হয় উপনীত হঠাৎকার।

যথা সংস্কৃতঃ॥ অস্মাকং রূপলাবন্যং পুষ্পবৎ ক্ষণ ভঙ্গুরং। বিদিত্বৈবং কথং নিত্যং নিদ্রাহারপারা বয়ং।

---

*On honest labour*—সদনুষ্ঠানে পরিশ্রম।

Go to the plough or team, go hedge or ditch,
Some honest calling use, no matter which;
Though thou be mean, thy frugal industry,
Depend upon it, shall rewarded be.

অস্যার্থসূচক ভাষা পদ্য।

যাও গিয়া ধর হাল কিম্বা খেতে বান্ধ আল কিম্বা কর মৃত্তিকা খনন। কর কোন ব্যবসায় ছোট কিম্বা বড় তায় না করিও মনেতে গণন। যদ্যপিও নীচ হও তথাপি নিন্দিত নও কর পরিমিত পরিশ্রম। ইহাতে নিষ্ঠা করিলে অবশ্যই ফল মিলে ব্যবসায় এই সে নিয়ম।

যথা সংস্কৃতঃ॥ যৎ কিঞ্চিৎ কুরুতে কর্ম্ম অল্পংবা যদি বা মহৎ। অবশ্যং ফলদং ক্বাপি ন শ্রমো জায়তে বৃথা।

---

*Time*—কালক্ষেপ।

Make much of precious time, while in your pow'r,
Be careful enough to husband every hour,
For time will come when you shall sore lament,
Th' unhappy minutes that you have mispent.

অস্যার্থসূচক ভাষা পদ্য।

সময় অমূল্য রত্ন কর অতিশয় যত্ন হেলা না করিও যথাসাধ্য। তদণ্ড ক্ষেপণেতে সদা থাক সতর্কেতে না হইও আলস্যের বাধ্য।

যেহেতু অশুভক্ষণ যাহা বৎথায় যপান করিলে বিধির বিড় ম্বিত। তার অনুতাপ মনে ঘটিবেক যেই ক্ষণে সে কাল আসিয়া উপ স্থিত।

যথা সংস্কৃতঃ॥ স্বর্ণভারৈরলভ্যং যৎ পরমায়ুঃ পলার্দ্ধকং। নক্ষিপেদননুষ্ঠানৈর্বাৰ্দ্ধক্যে দুঃখদং যতঃ।

---

*On lying*—মিথ্যাবাদিতা।

On all occasions to declare the truth
Is most praise-worthy in a virtuous youth;
A fault extenuated by a lie,
Is doubled in reality thereby.
And he that to this vice becomes a slave,
In fire and brimstone shall his portion have.

অস্যার্থ সূচক ভাষা পদ্য।

সর্ব্ব কর্ম্ম অনুষ্ঠানে সত্যের পালন। ধার্ম্মিক জনের হয় যশের কারণ। কুচিৎ মিথ্যার বলে যদি কোন জন। অপকর্ম্ম করিয়া করয়ে আচ্ছাদন। কিন্তু মিথ্যা প্রকাশিলে সেই অপরাধ। দ্বিগুণ হইয়া উঠে বিষম প্রমাদ। মিথ্যার যে হয় দাস তার সর্ব্বনাশ অন্তে নরকাগ্নি মধ্যে হয় তার বাস।

যথা সংস্কৃতঃ। সর্ব্বকর্ম্মাণি কুর্ব্বীত সত্যার্থং যশসে হপি বা অকর্ম্মানৃতবাদেচ্চ নরকাগ্নৌ সদা বসেৎ।

---

*Sorrow*—বিয়োগ জন্য শোক।

Our hearts are fasten'd to this world,
  By strong and endless ties:
But every sorrow cuts a string,
  And urges us to rise.

অস্যার্থসূচক ভাষা পদ্য।

অনিত্য সংসারে দেখ মনুষ্যের মন। অশেষ পুবল পাশে বদ্ধ অনুক্ষণ। কিন্তু শোকরূপ অসি নাশে সেই পাশে। মুদ্ধজীবে মুক্ত করে ক্রমশে ক্রমশে।

যথা সংস্কৃতঃ॥ সংচিন্ত্য মৃত্যুঞ্চ তমুগ্ৰ দণ্ডং সাধোরবশ্যাং সদনুষ্ঠিতস্য। বর্ষাসু সিক্তা ইব চর্ম্মনদ্ধাঃ সর্ব্বে পুযত্নাঃ শিথিলী ভবন্তি।

---

*Virtue*—ধর্ম্ম।

What signifies it that you learning gain,
And unto Greek and Latin both attain
If still you want true virtue of the mind,
The only ornament of all mankind?

অস্যার্থসূচক ভাষা পদ্য।

বিবিধ শাস্ত্রের বিদ্যা করিয়া অর্জ্জন। গ্রীক লাটিনাদিসব দেখিয়া দর্শন। তথাপিও সত্য ধর্ম্ম হৃদয় ভূষণ। যদ্যপি না হয় তবে বিদ্যা কি কারণ।

যথা সংস্কৃতঃ॥ ঋষয়শ্চক্রিরে ধর্ম্মং যো ঽনূচানঃ স নো মহান্।

ইতি ইংরাজী ভাষার পদ্য সমাপ্তঃ।

# PROVERBS

## IN

## LATIN AND ENGLISH.

---

লাটীন ও ইংরাজী ভাষার সাধারণ চলিত দৃষ্টান্ত।

---

Fugit irreparabile tempus.
Time and tide stay for no man.

অস্য তাৎপর্য্য। কাল এবং স্রোত ইহারা কাহারো অনুরোধ ক্রমে স্থকিত হয় না অনবরত বহিয়া যাইতেছে ॥

যথা সংস্কৃতঃ॥ ব্রজন্তি ন নিবর্ত্তন্তে স্রোতাংসি সরিতাং যথা। আয়ুরাদায় মর্ত্যানাং তথা রাত্র্যহনী সদা।

---

Fel latet in melle.
No joy without alloy.

অস্য তাৎপর্য্য। দুঃখ না করিলে সুখ লাভ হয় না।
যথা সংস্কৃতঃ॥ নহি সুখং দুঃখৈর্বিনা লভ্যতে।

---

Nocte dies premitur: triste mœrore voluptas.
No rose without its thorn.

অস্য তাৎপর্য্য। নিষ্কণ্টক গোলাব ফুল নাই তথা নির্দ্দোষী মনুষ্যও নাই।

যথা সংস্কৃতঃ ॥ চন্দনতরুসু ভুজঙ্গা জলেষু কমলানি তত্র চ গ্রাহাঃ। অন্যচ্চ। ত্রিজগতি বসতঃ কস্য দোষো ন জাতঃ।

---

Quem sæpe casus transit, aliquando invenit,
Frangitur assidua fictilis urna via.

The pitcher does not go so often to the water but it comes home broken at last.

অস্য তাৎপর্য্য। চোরের দশ দিন সাধুর এক দিন।

যথা সংস্কৃতঃ ॥ পরস্বং হরতে চৌরো দিবসেষু দশস্বপি। অবশ্যং বশতামেতি একস্মিন্নপি বাসরে

---

Longa fames macros mittit in arva lupos.
Hunger beats down stone walls.

অস্য তাৎপর্য্য। ক্ষুধার চোটে ইটে কামোড়।

যথা সংস্কৃতঃ ॥ ত্যজেৎ ক্ষুধার্ত্তো বনিতাং স্বনাথো মীনাঃ স্বপুত্রানপি ভক্ষয়ন্তি। খাদ্যে ক্ষুধার্ত্তো ভুজগী স্বমণ্ডং বুভুক্ষিতঃ কিং ন করোতি পাপং।

---

Si dulcis fias, ut mel te musca vorabit.

Rub yourself with honey, and you will never want flies.

অস্য তাৎপর্য্য। সর্ব্বাঙ্গে মধু লেপন করিলে মক্ষিকার অভাব নাই। অথবা ভাত ছড়াইলে কাকের অভাব কি।

যথা সংস্কৃতঃ ॥ খাদিতুং প্রাপ্যতে যাবত্তাবদেবহি বান্ধবাঃ। শিশিরে পদ্মিনীং ভঙ্গঃ কটাক্ষেণাপি নেক্ষতে।

Una herundo non facit ver.
One swallow never makes a summer.

অস্য তাৎপর্য্য। এক কোকিলের ডাকেতে বসন্ত কালের লক্ষণ হয় না।

যথা সংস্কৃতঃ॥ এক কোকিলনাদেন কার্ত্তিকঃ কিং মধুর্ভবেৎ।

---

Optimum condimentum fames.
A good stomach is the best sauce.

অস্য তাৎপর্য্য। ক্ষুধা সকলহইতে উত্তম টাকনা অর্থাৎ ক্ষুধা থাকিলে অপ্রিয় বস্তুও প্রিয় বোধ হয়।

যথা সংস্কৃতঃ॥ ক্ষুধাভাবে হ্যমৃতং ভক্ষ্যং বিষকল্পংভবেৎ যতঃ। ক্ষুধাচেত্তিক্তমমৃতং ক্ষুধৈবরুচিকারণং।

---

Præsentem mulge, quid fugientem insequeris?
A bird in the hand is worth two in the bush.

অস্য তাৎপর্য্য। বৃক্ষে পক্ষিদ্বয়াপেক্ষা হস্তে এক পক্ষী ভাল অর্থাৎ হস্তগত যে বস্তু তাহাই আপনার।

যথা সংস্কৃতঃ॥ রত্নং হস্তগতং রত্নং পরহস্তগতংনহি। রত্নাকরে হস্তি যদ্রত্নং ততঃ কিং কার্য্যসাধনং।

---

Ille agit ad votum, cui multum suppit æris.
Testudines vincunt sapientiam, et virtutem.
Money commands all.

অস্য তাৎপর্য্য। অর্থেতে সকলি হয়।

যথা সংস্কৃতঃ॥ অর্থেন সর্ব্বে বশাঃ। অন্যচ্চ। ধনৈর্নিষ্কুলীনাঃ কুলীনাঃ ক্রিয়ন্তে ধনৈরাপদাম্মানবা দুস্তরন্তি। ধনেভ্যো ন কশ্চিৎ সুহৃদ্বিদ্যতে চ ধনান্যর্জ্জয়ধ্বং ধনান্যর্জ্জয়ধ্বং।

---

Plurima conantes pendere, pauca ferunt.
Grasp all, lose all.

অস্য তাৎপর্য্য। অতিশয় সঞ্চয় করিতে গেলে সকলি নষ্ট হয়।

যথা সংস্কৃতঃ॥ কর্ত্তব্যঃ সঞ্চয়ো নিত্যং কর্ত্তব্যো নাতিসঞ্চয়ঃ। অতিসঞ্চয়দোষেণ ধনুষা জম্বুকো হতঃ।

---

Sæpe nocet multis omnia vera loqui.
All truth is not to be spoken at all times.

অস্য তাৎপর্য্য। সময় বিশেষে সত্য জানিয়াও ব্যক্ত করিবে না।

যথা সংস্কৃতঃ॥ ব্রাহ্মণার্থে গবার্থেবা বৃত্ত্যর্থে প্রাণসঙ্কটে। বিবাদে চ বিবাহে চ নানৃতং স্যাজ্জুগুপ্সিতং।

---

Dignum me putas quem illudas?
Harm watch, harm catch.

অস্য তাৎপর্য্য। পরের মন্দ চেষ্টা করিতে গেলে সেই মন্দ আপনাকেই ঘটে।

যথাসংস্কৃতঃ॥ পরেষাং মন্দকরণে চেষ্টা যস্য সদাভবেৎ স্বস্যানিষ্ট কৃতস্তেন সৃগালেহি মৃগাম্মৃতঃ।

**Bis gratum, quod ultro offertur.**

**One hold-fast is better than two I will give thee.**

অস্য তাৎপর্য্য।

ত্বরিত দানে দ্বিগুণ তৃপ্তি।

যথা সংস্কৃতঃ। অর্থিনস্ত্বরিত দানেন তৃপ্তির্ভবতি যাদৃশী। বহু দানং বিলম্বেন ন তাদৃক্ তৃপ্তিকারকং॥

---

Proximus sum egomet mihi.

The smock is nearer than the petticoat.

অস্য তাৎপর্য্য।

আত্ম বিষয়ে আপনা হইতে নিকট কেহ নাই।

যথাসংস্কৃতঃ। স্বোপস্থিতায় কার্য্যস্য শুভাশুভ বিচারণে। আত্মনঃ পরতঃ কোঽপি ন ভবেৎ তত্ত্ববিৎ কৃচিৎ॥

---

Cui satis est linguæ frigida dextra jacet.

The greatest talkers are always the least doers.

অস্য তাৎপর্য্য।

যাহারা কথায় বিস্তর কহে তাহারা কর্ম্মে অল্পই করে।
যথাসংস্কৃতঃ। নীচো বদতি ন কুরুতে ন বদতি কুরুতে সজ্জনে

লোকঃ শরদি গর্জ্জতি ন বর্ষতি বর্ষাসু বর্ষতি নিঃস্বনোমেঘঃ।

Quando voles alios verbis mordere caninis,
Facta tui cordis respice, mutus eris.

Look upon your own faults, and you will never think of your neighbours.'

অস্য তাৎপর্য্য।

মনুষ্য যদ্যপি আত্মচ্ছিদ্রকে দৃষ্টি করে তবে পরচ্ছিদ্র কখনো দেখে না।

যথাসংস্কৃতঃ॥ আত্মছিদ্রং ন জানাতি পরছিদ্রাণি পশ্যতি। স্বছিদ্রং যদি জানাতি পরছিদ্রং নপশ্যতি।

Durum belum necessitas.

Need makes the naked man run.

অস্য তাৎপর্য্য।

দায় উপস্থিত হইলে বস্ত্র ত্যাগ করিয়া পালাইতে হয়।

যথাসংস্কৃতঃ॥ উপস্থিতায়াং বিপদি ঘোরায়াং স্বীয়রক্ষণে ধীমদ্ভিঃ পুরুষৈর্যুক্তং বস্ত্রং ত্যক্ত্বা পলায়নং।

Non mos ad vitam, sed consuetudo probanda.

Tell me your company, and I 'll tell you who you are.

অস্য তাৎপর্য্য।

মনুষ্য যে যেমন তাহা তাহার সঙ্গীর দ্বারা প্রকাশ পায় যে হেতুক সাধুর সাধুসঙ্গ এবং খলের খল সঙ্গ।

যথাসংস্কৃতঃ ॥ যস্য দেবস্য যদ্রূপং তথাভূষণবাহনং ॥

---

Auxilium superum humanis viribus prostat.

He whom God assists, does better than he that rises betimes in the morning.

অস্য তাৎপর্য্য।

ঈশ্বর যাহার সহায় হন সে যাহা করিতে পারে তাহা শুমি ব্যক্তি প্রাণান্ত পরিশ্রম করিয়াও করিতে পারেনা।

যথাসংস্কৃতঃ ॥ পাণ্ডবা জয়িনো রাজন্ সভীষ্মা ন চ তে সুতাঃ। শ্রীকৃষ্ণস্য সহায়েন পৃথিবীং জয়িতং ক্ষমাঃ।

---

Asperius nihil est humili, cum surgit in altum.

Set a beggar on horse-back, and he will ride to the devil.

অস্য তাৎপর্য্য।

অজ্ঞাত কুলশীল অর্থাকাঙ্খি ব্যক্তিকে কোন বিষয়ে অধিকার দিলে সে ব্যক্তি তদ্বিষয়ের সমূলে লোপ করে।

যথাসংস্কৃতঃ ॥ অজ্ঞাতকুলশীলস্য বাসো দেয়ো ন কস্যচিৎ। মার্জ্জারস্য হি দোষেণ হতো বৃদ্ধো জরদ্গবঃ।

---

Sœpe inter buccam contingit casus, et offam.

Many things fall out between the cup and the lip.

অস্য তাৎপর্য্য।

ৰীটিও মখের মধ্যে বিঘ্ন জন্মিতে পারে। ইহার তুল্য কথা

ভাষাতে চলিত আছে অর্থাৎ বাড়াভাতে বিঘ্ন ঘটে।

যথাসংস্কৃতং। উপস্থিতে সর্ব্ব কার্য্যে বিঘ্নো ভবিতুমর্হতি। পরিবেশিতভক্তে তু যথা পুত্রুহ জায়তে।

---

Neque habitus Monacum, neque barba facit philosophum.

Fine dressing is a foul house swept before the door.

অস্য তাৎপর্য্য।

পরিচ্ছদে যাজক হয় না এবং নস্য লওয়াতে পণ্ডিত হয় না

যথাসংস্কৃতঃ॥ ননস্য গ্রহণেনাপি মূর্খো ভবতি পাণ্ডিতঃ। এবং পরিচ্ছদে২পূর্ব্বে সতি স্যাৎ যাজকো নহি।

---

Ex hubone pigro nunquam citus accipiter fit.

There is no making a silk purse of a sow's ear.

অস্য তাৎপর্য্য।

গাধা পিটিলে ঘোড়া হয় না।

যথাসংস্কৃতঃ। কদাচিৎ সম্ভবো নস্যাৎ বস্তুনো ২সম্ভবস্যচ। চূর্ণিতো মুদ্গরেণাপি খরঃ স্যাদ্ঘোটকঃ কুতঃ।

---

Homo sum, nihil a me alienum puto.

There is no man can say: I 'll ne'er drink of this water.

অস্য তাৎপর্য্য।

কোন মনুষ্য প্রশুর করিয়া কহিতে পারে না যে আমি অমুক

দ্রব্য অহার করিব না যেহেতুক মনুষ্যের দশ দশা অতএব সময়
ক্রমে অগ্রাহ্যও গ্রাহ্য হয়।

যথা সংস্কৃতঃ॥ সময়বিশেষে চিন্তা জনয়তি পঞ্চামৃতা মোদং।
অন্যচ্চ ঈশ্বরেচ্ছাহি রাজেন্দ্র সদা বলবতী স্মৃতা সর্ব্ব কার্য্যক্ষমা যস্মা
ন্নতু স্বেচ্ছা কদাচন।

ইতি লাটিন ও ইংরাজীভাষার।
চলিত দৃষ্টান্ত সমাপ্তঃ।

শ্রীশ্রীঈশ্বরো জয়তি।

---

# PERSIAN PROVERBS, AND MORALS,

## WITH CORRESPONDING PIECES IN THE ENGLISH AND SANSCRIT LANGUAGES.

---

## পারস্য ভাষার চলিত দৃষ্টান্ত ও নীতিশিক্ষা।

## এবং তৎসদৃশ ইংরাজী গদ্য ও সংস্কৃত পদ্য ॥

---

خدایا از تو عطا از بندگان خطا

হে ঈশ্বর তোমাকর্ত্তৃক কৃপা এবং উপাসককর্ত্তৃক অপরাধ ॥

To err is human ; to forgive, divine.

মনুষ্যহইতে দোষ ঈশ্বরহইতে ক্ষমা।

মৎসমঃ পাতকী নাস্তি তৎসমো নাস্তি পাপহা।

অস্মদাদির সমান পাপকারক নাই তোমার সমান পাপহারক নাই।

از تو حرکت از خدا برکت

মনষ্যকর্ত্তৃক উদ্যোগ ঈশ্বরকর্ত্তৃক আশাসিদ্ধি।

Industry from you, and Prosperity from God.

মনুষ্যহইতে উদ্যোগ আবশ্যক তবে ঈশ্বরহইতে ইষ্টসিদ্ধি হয়।
যথাহ্যেকেন চক্রেণ ন রথস্য গতির্ভবেৎ। এবং পুরুষকারেণ বিনা দৈবং ন সিধ্যতি॥

যেমন এক চক্রের দ্বারা রথের গমন হয় না সেই রূপ পুরুষকার ব্যতীত দৈবসিদ্ধি হয় না॥

آدمی پیر چو شد حرص جوان میگردد

মনুষ্য বৃদ্ধ হইলে আশা যুবতী হয়॥

When a man grows old, he becomes as frolicksome as a Boy.

মনুষ্য প্রবীণ হইলে নবীনের ন্যায় উদ্যম করে।

জীর্য্যন্তি জীর্য্যতঃ কেশা দন্তা জীর্য্যন্তি জীর্য্যতঃ। ধনাশা জীবিতাশা চ জীর্য্যতোহপি ন জীর্য্যতি।

প্রবীণ লোকের কেশ সকল জীর্ণ হয় তথা দন্তসমূহও জীর্ণ হয় কিন্তু ধনাশা এবং জীবনাশা জীর্ণা হইয়াও জীর্ণা হয় না।

---

خطائی بزرگان گرفتن خطاست

গুরু লোকের দোষ গ্রহণ দোষেরি কারণ।

It is folly to notice the faults of our superiors.

আমারদিগের গুরু লোকের দোষানুসন্ধান করা দোষেরি নিমিত্ত হয়।

গুরু নিন্দাপ্যধোগতিং ॥

গুরু লোকের নিন্দা করণে অধোগতি হয়।

---

خوئی بد را بہانہ بسیار

দুর্বৃত্ত লোকের বাগ্‌জাল নানামত হয়।

To evil minds, excuses are never wanting.

দুরন্ত লোকের বাক্ চাতুর্য্যের অভাব নাই।

অসদ্বৃত্তস্য বাগ্‌ডম্বরঃ।

বাক্যের আডম্বর ইহাই কুবৃত্ত লোকের বলস্বরূপ।

---

اگر عاقلی یک اشارہ بس است

জ্ঞানির পক্ষে এক ইঙ্গিতেই যথেষ্ট হয়।

A word to the wise.

জ্ঞানির প্রতি এক কথাই বিস্তর।

আকারেণৈব তর্কন্তি পণ্ডিতাশ্চ পরেঙ্গিতং।

পণ্ডিতেরা আকার প্রকারদ্বারা পরের ইঙ্গিতকে বোধ করেন।

---

دشمن دانا بہ از دوست نادان

জ্ঞানি শত্রু অজ্ঞানি মিত্রহইতে ভাল।

A wise adversary is preferable to a silly friend.

সুবোধ অরি অবোধ বন্ধু অপেক্ষা প্রশংসনীয়।

বরং পণ্ডিত শত্রূণাং ন চ মূর্খেণ মৈত্রতা।

বরং পণ্ডিত শত্রু ভাল কিন্তু মূর্খের সহিত বন্ধুত্ব ভাল নহে।

---

دیر آید درست آید

যাহা ধৈর্য্যক্রমে হয় তাহা পরিপাটি হয়।

Slow! and sure!

ধৈর্য্যেতে নির্বিঘ্ন।

সুবিচার্য্য যৎকৃতং সুদীর্ঘ কালে ন চ যাতি বিক্রিয়াং।

সুন্দর বিচার করিয়া যাহা করা যায় তাহা সুদীর্ঘ কালেতেও বিকৃত হয়না।

---

راست گو را همیشه راحت درپیش

সত্যবাদির সদাই সুখ।

Truth is always ready with the good.

সত্যতা সর্ব্বদা মঙ্গলদায়িকা।

যতঃ সত্যং ততঃ সুখং।

সত্যহেতুক সুখ হয়।

رحم آوردن بر بدان ستم است بر نیکان

দুষ্টের প্রতি অনুগ্রহ করণ শিষ্টের প্রতি নিগ্রহের কারণ।

Compassion to the wicked is injury to the just.

খলের প্রতি দয়া করাতে সাধুর প্রতি হিংসা করা হয়।

ইয়ং রাজান্বিতা নীতিঃ কোবিদৈঃ কথিতা পুরা। দুষ্টানাং দমনেনৈব শিষ্টানাং প্রতিপালনং।

পূর্ব্বকালীন পণ্ডিতেরা এই রাজনীতি কহিয়াছেন যে দুষ্টের দমনেতেই শিষ্টের পালন।

---

زر دادن و درد سر خریدن

ঘরের ধন পরকে দেওয়া শিররোগ ক্রয় করা।

Lend your money, and you purchase an head-ache.

আপনার ধন যদি পরকে ঋণ দান করহ তবে শিরঃপীড়া ক্রয় করহ।

বিবাদ ক্রিয়তে যেন স্বেচ্ছয়া ঋণ দানতঃ। তস্য সর্ব্বাণি নশ্যন্তি ধনানি ধনিনো বুধ।

যে ব্যক্তি স্বেচ্ছাধীন ঋণ দান হেতুক বিবাদ ক্রয় করে সে ধনির সকল ধন নষ্ট হয়।

---

سالیکه نیکوست از بهارش پیداست

যে বৎসর সুবৎসর হয় তাহা প্রথম ঋতুতেই প্রকাশ পায়।

Every good year originates from the spring.

সুবৎসর প্রথম ঋতুতেই উৎপন্ন হয়।

বর্ষস্য প্রথমে মেঘে বৈশাখে বর্ষিতে সতি। জায়তে তৎ শুভং যস্মাৎ শুভারম্ভঃ শুভঙ্করঃ।

বৈশাখ মাসে বর্ষ প্রথমে যদি সুবৃষ্টি হয় তবে সে বৎসরের শুভ নিশ্চয় হয় যেহেতুক শুভ আরম্ভ হইলে শুভকেই সম্পন্ন করে।

---

سگ حضور به از برادر دور

দূরস্থ ভ্রাতা অপেক্ষা সম্মুখবর্ত্তি কুক্কুরও ভাল।

An attending dog is better than an absent friend.

অনুপস্থিত আত্মীয়হইতে উপস্থিত কুকুরও ভাল।

নিকটস্থ যদা তুচ্ছ উপকারায় কল্পতে। দূরস্থোপি নিজভ্রাতা নহি কার্য্যঞ্চ পশ্যতি।

তুচ্ছ যে ব্যক্তি সেও যদি নিকটে থাকে তথাচ উপকারের নিমিত্ত হয় কিন্তু সহোদর ভ্রাতা হইলেও দূরস্থিতে কার্য্য দেখে না।

---

اگر خارکاری سمن نه دروی

কণ্টক রোপণে পুষ্প চয়ন অসম্ভব।

If you sow thorns, you cannot reap jessamine.

কণ্টক রোপণ করিলে কখন জাতী পুষ্প মিলে না।

শর্করা শত ভারেণ নিম্ববৃক্ষমুপার্জ্জিতং। পয়সা সিঞ্চিতং নিত্যং ন নিম্বো মধুরায়তে।

শত ভার শর্করার দ্বারা যদি নিম্ব বৃক্ষ রোপিত হয় আর প্রত্যহ দুগ্ধকরণক সিঞ্চিত হয় তথাপি নিম্ব কখন মধুর হয় না।

---

الوکیل خریطہ طوفان

দূত অর্থাৎ উকীল প্রতারণার ঝুলী।

The purse is the lawyer's study.

উকীলের ধ্যান ঝুলীর প্রতি।

বিবাদভূপাল নিযুক্ত মানবাঃ প্রতারণা সিন্ধুরিব প্রতারকাঃ কুবুদ্ধি বীচী বলবাত সম্ভবে মজ্জেদ্ধি সদ্বিত্ত তরিস্তদর্ণবে।

বিবাদ কালীন রাজকর্ত্তৃক নিযুক্ত যে লোক তাহারা প্রতারণার সমুদ্র বিশেষ এবং সেই বলবান সম্ভবে সমুদ্রে কুবুদ্ধিরূপ ঢেউ লাগিয়া সল্লোকেরদিগের ধনরূপ নৌকা মগ্না হয়।

---

آنا کہ غنی ترند محتاج ترند

যাহারা বড় ধনী তাহারাই বড় লোভী।

The most wealthy are always the most necessitous.

যাহারা অতিশয় ধনাঢ্য তাহারদিগের অতিশয় ধনাবশ্যক।

নিশ্বো বস্তু শতং শতী দশশতং লক্ষং সহস্রাধিপঃ লক্ষেশঃ ক্ষিতিপালতাং ক্ষিতিপতিশ্চক্রেশবৎ সম্পদং। চক্রেশঃ পুনরি

স্থিতাং সুরপতির্ব্রহ্মাস্পদং বাঞ্ছতি ব্রহ্মা বিষ্ণুপদং হরিঃ শিব পদং তৃষ্ণাবধিং কো গতঃ।

যে ব্যক্তি নির্ধন সে প্রথম শত মুদ্রা বাঞ্ছা করে শতী হইলে সহস্র মুদ্রার প্রার্থনা হয় ও সহস্রাধিপ লক্ষ মুদ্রার প্রত্যাশী হয়েন ও লক্ষপতি পৃথিবীপাল হইতে বাসনা করেন তথা ক্ষিতিপতি চক্রেশের ন্যায় সম্পদ্ চাহেন চক্রেশ হইলে পুনশ্চ ইন্দ্রত্ব ইচ্ছা করেন এবং ইন্দত্ব পাইলেও ব্রহ্মার পদেচ্ছুক হয়েন ব্রহ্মা হইলে ও বিষ্ণুর পদ বাঞ্ছিত হয় এইরূপে হরি হইয়াও শিবের শিবত্ব অভিলষিত হয় অতএব আশার পারে কে যাইতে পারে।

---

امروز داری بخور غم فردا مخور

অদ্যকার সংস্থান থাকে সুখে ভোগ করহ কল্যকার ভাবনা ভাবিও না।

Enjoy the luxuries of to-day, partake not of to-morrow's care.

অদ্যকার উপভোগ ভোগ করহ কল্যকার চিন্তায় চিন্তিত হই ও না।

প্রাজ্ঞএব সততং সুখং ভজেৎ ভাবি দুঃখ মনুভাব্য নত্যজেৎ অদ্যভক্ষ্যমপি ক্ষুৎপিপাসিতঃ কিন্ত্যজেৎ পরদিনান্নচিন্তয়া।

প্রজ্ঞাবিশিষ্ট ব্যক্তি সর্ব্বদা সুখী থাকিবেক ভবিষ্যৎ দুঃখভাব

নায় সুখত্যাগী হইবেক না যেহেতুক ক্ষুৎপিপাসিত ব্যক্তি কি পরদিনের অন্নচিন্তায় উপস্থিত অন্ন ত্যাগ করে অর্থাৎ কদাচ করে না।

انچه بر خود نه پسندی بر دیگری مپسند

যাহা আপনার পক্ষে বাঞ্ছা না করহ তাহা পরের পক্ষেও বাঞ্ছা করিও না।

Never approve for others, what you disapprove for yourself.

যাহা স্বীয় পক্ষে মনোনীত না করহ তাহা পরকীয় পক্ষে ও মনোনীত করিও না।

আত্মোপম্যেন ভূতানাং দয়াং কুর্ব্বন্তি সাধবঃ।

সাধু সকলে আপনার সদৃশ পরের প্রতি দয়া প্রকাশ করেন

অন্যচ্চ। আত্মবৎ সর্ব্ব ভূতেষু যঃ পশ্যতি স পণ্ডিতঃ।

আপনার সদৃশ সকলের সুখদুঃখ যে দেখে সেই পণ্ডিত।

---

اول اندیش انگہے گفتار

প্রথমে চিন্তা করিবেক পশ্চাৎ বাক্য কহিবেক।

Reflect before you speak.

চিন্তাপূর্ব্বক কথা কহিবা।

সুচিন্ত্য চোক্তং সুবিচার্য্য যৎকৃতং সুদীর্ঘকালে ন চ যাতি বিক্রিয়াং।

সুন্দর চিন্তা করিয়া যে বাক্য কহা আর সুন্দর বিচার করিয়া যে কর্ম্ম করা তাহা দীর্ঘ কালেতেও বিকারকে পায় না।

اول خویش بعده درویش

প্রথমে পোষ্যবর্গের ভরণ পোষণ পাশ্চাৎ উদাসীনের প্রতি পালন।

Let charity begin at home.

কৃপাবিতরণ অগ্রে ঘরে আরম্ভ করিবেক।

ভরণং পোষ্যবর্গস্য প্রশস্তং স্বর্গ সাধনং। নরকং পীড়নে চাস্য তস্মাদ্যত্নেন তং ভরেৎ।

পোষ্যবর্গের ভরণ পোষণ প্রশস্ত তথা স্বর্গ সাধন হয় এবং তাহারদিগের পীড়াদেওনে নরক অতএব যত্নপূর্ব্বক তাহারদিগ্কে ভরণ পোষণ করিবেক।

---

باندازه گلیم پا دراز کن

আচ্ছাদনের আয়াতন বুঝিয়া পাদ বিস্তৃত করহ।

Keep your feet within the dimensions of your covering.

আপন আচ্ছাদনের সীমার মধ্যে পা রাগহ।

অল্পেন বিভবেনৈব ব্যয়াধিক্যং নযুক্তিজং ক্ষীণেন বাসসাচ্ছন্নে পাদ বিস্তারণং যথা।

যেমন ক্ষীণ আচ্ছাদনাবৃত হইয়া পাদ বিস্তৃত করা উচিত নহে তদ্রূপ অল্প ধনে অধিক ব্যয় করা যুক্তিসিদ্ধ নহে।

---

برای نهادن چه سنگ و چه زر

রাখিতে হইলে কাঁকরও যে ধনও সে।

For storing! What difference between stone and money.

ধন যদি সঞ্চয়ের নিমিত্তেই হয় তবে কাঁকরেতে এবং ধনেতে কি প্রভেদ।

যদ্দদাতি বিশিষ্টেভ্যো যদশ্নাতি দিনে দিনে তত্তুবিত্তমহং মন্যে শেষং কস্যাপি রক্ষিতং।

যে ধন বিশিষ্টবর্গকে দেয় এবং যাহা প্রতি দিন ভোগ করে সেই ধনকেই ধনজ্ঞান করি নতুবা শেষ রক্ষিত ধন কাহার জন্যে।

---

بزرگی بعقل است نه بسال

প্রাধান্য জ্ঞানেতেই মান্য বয়োধিক্যে গণ্য নহে।

Eminence depends on wisdom, not on years.

জ্ঞানেতেই প্রাধান্য হয় বয়ঃপ্রযুক্ত নয়।

জ্ঞানতো বিজ্ঞতা প্রোক্তা বয়োধিক্যান্ন সা পুনঃ মূর্খোঽপি কলু ষৈর্যুক্তো বৃদ্ধশ্চেৎ কিং প্রশংস্যতে।

জ্ঞানহেতুক বিজ্ঞতা বয়োধিক্যহেতুক নহে দেখ দুষ্কর্ম্মী যে মূর্খ সে যদি বৃদ্ধ হয় তবে কি প্রশংসিত হয়।

---

کهن جامهٔ خویش آراستن    به از جامهٔ عاریت خواستن

পরের নূতন বস্ত্র যাজ্ঞা অপেক্ষা আপনার পুরাতন বস্ত্রও ভাল।

**You may better repair your own Coat, than seek a borrowed one.**

আপনার ছিন্ন বস্ত্রে বরঞ্চ গুম্ফি দেও তথাপি পরের বস্ত্র যাচ্ঞা করিও না।

ভৈক্ষ্যং চেদ্বিমলং গজাশ্ব রজতং স্বর্ণঞ্চ ক্ষৌমাম্বরং রাজ্যং বা বিপুলং ত্যজন্তি মহতা মানেন ধীরাঃ স্বয়ং। কৌপীনং কঠিনং কুটীর কবরং কন্থাচ গুম্ফান্বিতা স্বীয়ং যৎ সকলং ভজ ন্তি সুদৃঢ়ং স্বর্গীয়বৎসাদরাৎ॥

পরের নিকট ভিক্ষা করিয়া হস্তী অশ্ব কিম্বা স্বর্ণ রৌপ্য বা দি ব্য পট্টবস্ত্র অথবা রাজত্বও যদি ক্ষণেককাল পাওয়া যায় তাহা মানি ও জ্ঞানি ব্যক্তিরা আপন মানের প্রতি দৃষ্টি করিয়া পরি ত্যাগ করেন। কিন্তু আপনার যে কৌপীন ও কুটীর ও কবরা দি বস্ত্র ও গুম্ফান্বিতা কন্থা ইহাকেও স্বর্গীয় জ্ঞানে গৌরবে স্বী কার করেন।

---

طمع آرد به مردم رنگ زردی

লোভেতেই মনুষ্যের দুঃখ উপস্থিত করে।

Covetousness is the root of all evil.

লোভ সকল বিপত্তির মূল।

তৃষ্ণার্ত্তো দুঃখমাপ্নোতি পরত্রেহ চ মানবঃ।

লুব্ধ ব্যক্তি ইহ পর উভয় লোকে দুঃখ পায়।

---

صحبت نیکانت از نیکان کند

সাধুসঙ্গেতে সাধু করে।

Keep honest company, and honest thou shalt be.

সাধু সঙ্গ করহ যে সাধু হইবা।

সাধু সঙ্গ গুণেনৈব সাধুত্বমুপজায়তে। পদ্মপত্রস্থিতং বারি মুক্তিকেব সমীক্ষ্যতে।

সাধুসঙ্গ গুণেতে সাধুত্ব জন্মে যেমন পদ্মপত্রে থাকিয়া জল বিন্দু মুক্তার ন্যায় হয়।

---

بعیب خویش بینا باش

স্বকীয় দোষের প্রতি দৃষ্টি পাত করহ।

Keep a watchful eye on your own faults.

আপনার দোষানুসন্ধানে নিযুক্ত চক্ষু রাখহ।

সাধবঃ সর্ব্ব লোকানাং গুণানাং গুণমর্ম্মিণঃ। পরদোষং ন পশ্যন্তি স্বদোষং সর্ব্বযত্নতঃ।

সকল লোকের গুণের গুণজ্ঞ যে সাধু তাঁহারা পরের দোষ দেখেন না কিন্তু সম্যক্প্রকার যত্নপূর্ব্বক আপনার দোষানুসন্ধান করেন।

---

بشهر خویش هرکس شهریاراست

স্বদেশে সকলেই রাজা।

Every man is an Emperor in his own house.

স্বস্থানে সকলেই রাজাধিরাজ।

স্থানেস্থিতঃ কা পুরুষোপি সিংহঃ। স্বস্থানে কাপুরুষও সিংহ তুল্য হয়।

---

چاه کنده را چاه در پیش

যে ব্যক্তি অন্যের পতনের জন্য গর্ত্ত খনন করে সে আপনিই গর্ত্তে পতিত হয়।

He that makes a Pit for others, falls into one himself.

পরের জন্যে যে গর্ত্ত খোঁড়ে সে আপনিই গর্ত্তে পড়ে!

পরেষাং মন্দ করণে চেষ্টা যস্য সদা ভবেৎ। স্বস্যানিষ্টঃ কৃতস্তেন শৃগালোহি মৃগান্মৃতঃ।

পরের মন্দ করণে যে ব্যক্তির সর্ব্বদা চেষ্টা সে ব্যক্তি আপনারি মন্দ করে তাহার দৃষ্টান্ত যেমন মৃগকর্ত্তৃক শৃগাল মরিয়াছিল।

---

ثمرۂ بدی بدی است

অসৎ কর্ম্মের অসৎ ফল।

Harm watch, harm catch.

পাপ চিন্তায় পাপে ধরে।

পাপং চিন্তয়তে যস্তু ব্রবীতি চ করোতি যঃ। পাপ কর্ম্মরতো নিত্যং পাপযোনিষু জায়তে।

যে ব্যক্তি পাপ চিন্তা করে ও পাপ কথা কহে ও পাপ কর্ম্ম করে এমন যে পাপে রত ব্যক্তি সে পাপ যোনিতেই জন্মে।

---

خر چه داند بهای قند و نبات

শর্করার মূল্য গর্দ্দভে কি জানে।

It is not for asses to like honey.

গর্দ্দভের কর্ম্ম নয় মধুর মর্ম্ম জানা।

দূর্ব্বাচর্ব্বণপটবো গাবো নজানন্তীক্ষুরসমধুরং।

দূর্ব্বাচর্ব্বণেতে পটু যে গরু সে কখন ইক্ষুরসের মাধুর্য্য জানে না।

---

خر از جل اطلس بپوشد خر است

যদি গর্দ্দভ পট্টাম্বর পরিধান করে তথাপি গর্দ্দভই থাকে।

If an Ass should wear a satin housing, he still must look the Ass.

গর্দ্দভ যদি সুন্দর সাটিন বস্ত্রাবৃত হয় তথাপি গর্দ্দভকে গর্দ্দভই দেখায়।

কাকস্য গাত্রে যদি হেমদত্তং মাণিক্যরত্নং যদি তস্যচঞ্চুং।
পক্ষেচ পক্ষে গজরাজমুক্তা তথাপি কাকো ন চ রাজহংসঃ।

কাকের সর্ব্বাঙ্গে যদি স্বর্ণ এবং ওষ্ঠেতে মাণিক্য রত্ন এবং প্রত্যেক পক্ষেতে গজ মুক্তা দেওয়া যায় তথাপি কাক কখন রাজহংস হয় না।

---

سگ حق شناس بهتر از آدمی ناحق شناس

কৃতঘ্ন মনুষ্য অপেক্ষা কৃতজ্ঞ কুক্কুরও ভাল।

The grateful Dog is more estimable than the Man devoid of gratitude.

বরং কৃতজ্ঞ কুকুরও ভাল কিন্তু অকৃতজ্ঞ মনুষ্য ভাল নহে।

গৃহাণ কৃতকার্য্যং তং শ্বানঞ্চ ষড়্গুণান্বিতং। ত্যজেচ্ছীঘ্রং কৃতঘ্নং যং চতুর্ণাং পরিপন্থিনং॥

ছয় গুণেতে অন্বিত যে কৃত কার্য্য কুকুর ইহাকে বরং স্বীকার করহ কিন্তু চতুর্ব্বর্গের শত্রুতুল্য যে কৃতঘ্ন মনুষ্য তাহাকে শীঘ্র ত্যাগ করিবা।

---

بیک کرشمه دو کار

এক সন্ধানে দুই কর্ম্ম।

Two birds with one Arrow.

এক বাণের নিক্ষেপে দুই লক্ষ্য ভেদ।

একা ক্রিয়া দ্ব্যর্থকরী জায়তে পুণ্য গৌরবাৎ।

এক ক্রিয়াতে দুই পদার্থ সাধন ইহা পুণ্যক্রমে হয়।

---

آنرا که ندانی نسب و نسبت حالش    او را نه بود هیچ گواهی چه فعالش

যে ব্যক্তি অজ্ঞাত কুলশীল সে ব্যক্তি কখন কি করে কিছুতেই প্রত্যয় নাই।

Set a beggar on horseback, and he will ride to the Devil.

উদাসীনকে যদি আপন অশ্বোপরি স্থান দেও তবে অশ্ব সম ভিব্যাহারে পলায়ন করে।